conveyance (that is to say,) A covenant that notwithstanding any act or default done by the said Commissioners, they were at the time of the execution of such conveyance, under and by virtue of the provisions of this Act, possessed of the lands or premises granted thereby for an indefeasible estate of inheritance in fee simple, free from all encumbrances done or occasioned by them or otherwise for such estate or interest as therein expressed to be thereby granted free from encumbrances done or occasioned by them.

লাভের ভাব ও প্রকার অনুসারে জ্ঞান হইবেক। বিশেষতঃ ঐ বন্দোবস্তের অভিপ্রায় এই যে যে বাটী অথবা ভূমি সেই বিক্রয়পত্রক্রমে ঐ কমিস্যনরেরা আপনারদের করা কোন দায়রহিত অক্ষয়ণীয় অধিকারিত্বের ইষ্টেট অথবা প্রকারান্তরে যে ইষ্টেট কি লাভ বিক্রয়পত্রের দ্বারা তাঁহারদের করা কোন দায়শূন্য দিবার নির্দেশ আছে সেই ইষ্টেট কিম্বা লাভ এই আইনের বিধির শক্তিক্রমে বিক্রয়পত্র লিখিয়া দেওন সময়ে তাঁহারদের করা কোন ক্রিয়া বা ত্রুটি হইলেও তাঁহারদের দখলে ছিল ইতি।

LX. And in order to raise money for defraying the expences incurred or to be incurred by the said Commissioners in carrying into effect the provisions of this Act or of Act No.   of 184 , it is enacted, that it shall be lawful for the said Commissioners, and they are hereby authorized, subject in each case to the approval of the Governor aforesaid to be signified in writing, to borrow and take up at interest on the credit of the rates, taxes and duties authorized to be made, levied and received by the said Commissioners from any person who shall be willing to advance the same, the sum and sums of money necessary for defraying the costs, charges and expences incurred or to be incurred by the said Commissioners in carrying into effect with the least possible delay the provisions of this Act or of Act No.   of 184 , and for securing the repayment of such sum or sums of money with such interest thereon as shall be agreed upon between the said Commissioners, and the person or persons lending or advancing the same, the said Commissioners may mortgage and assign over the said rates, taxes, tolls and duties, or any part thereof to the person or persons who shall advance such money, or to a Trustee or Trustees on his or their behalf as security for the money so to be borrowed, together with interest upon the same, and no assessment, tax, toll or duty over which any such mortgage shall have been granted shall be repealed in whole or in part until such mortgage shall be paid off, unless by the consent in writing of such mortgagee.

৬০ ধারা। এবং এই আইন অথবা অমুক সালের অমুক আইনের বিধির কার্য্য সিদ্ধ করণেতে উক্ত কমিস্যনরেরা যে খরচ করিয়াছেন কিম্বা উত্তর কালে করেন সেই খরচের নিমিত্তে টাকা প্রাপণার্থ ইহার দ্বারা হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরদের এই ক্ষমতা থাকিবেক এবং ইহার দ্বারা তাঁহারদিগকে এই ক্ষমতা দেওয়া গেল যে প্রত্যেক গতিকে শ্রীযুত গবরনর সাহেবের লিখনের দ্বারা জ্ঞাতহওয়া অনুমতিক্রমে এই আইন অথবা অমুক সালের অমুক আইনের বিধির কার্য্য যত শীঘ্র সাধ্য সিদ্ধ করণার্থ উক্ত কমিস্যনরেরা যে সকল খরচ ও খরচা ও ব্যয় হইয়াছে কি উত্তর কালে হয় তাহার জন্যে যে টাকার আবশ্যক হয় সেই টাকা বা টাকাসকল যে ব্যক্তি কর্জ দিতে ইচ্ছুক থাকেন তাঁহার স্থানে উক্ত কমিস্যনরেরা যে সকল হার ও টাক্স ও মাসুল লইতে ও বসাইতে ও আদায় করিতে পারেন তাহা বন্ধক রাখিয়া সেই২ টাকা সুদের অঙ্গীকারে কর্জ করিতে পারেন। এবং সেই টাকা বা টাকাসকল এবং সেই টাকার উপর যে সুদ ঐ কমিস্যনরেরা টাকা কর্জদেওনিয়া ব্যক্তি বা ব্যক্তিরদের সঙ্গে ধার্য্য করেন সেই সুদ দেওনের জন্যে উক্ত কমিস্যনরেরা টাকা কর্জদেওনিয়া ব্যক্তি বা ব্যক্তিরদের নিকটে কিম্বা তাঁহার বা তাঁহারদের পক্ষে ট্রুষ্টি বা ট্রুষ্টিরদের নিকটে উক্ত হার ও টাক্স ও মাসুল অথবা তাহার কোন ভাগ বন্ধক দিতে পারেন এবং অর্পণ করিতে পারেন এবং তাহা ঐ কর্জকরা টাকা এবং তাহার সুদের জামিনস্বরূপ থাকিবেক। এবং যে ঘরের টাক্স বা কর কি মাসুল এইরূপে বন্ধক দেওয়া গিয়াছে যাবৎ ঐ বন্ধকের টাকা পরিশোধ না হয় অথবা বন্ধকলওনিয়া ব্যক্তিরদের লিখিত সম্মতি না হয় তাবৎ ঐ টাক্সপ্রভৃতির সমুদয় বা তাহার কোন অংশ রহিত হইবেক না ইতি।

LXI. And it is enacted, that in order to discharge the principal money of any sum or sums of money as shall be borrowed on security of the assessments, taxes and duties aforesaid, it shall be lawful for the said Commissioners, and they are hereby authorized and required yearly and every year to deduct, appropriate and set apart, and apply out of the rates aforesaid such a sum of money as shall be in proportion to one-thirtieth part of the money borrowed or secured, and which at that time shall remain due and secured as aforesaid upon the said assessments, taxes and duties as and for a Sinking Fund to be applied in paying off and discharging the principal monies so borrowed or secured, and from time to time cause the amount of such Sinking Fund to be invested in the Securities of the East India Company called Company's Paper, and such Company's Paper to be de-

৬১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত ঘরের টাক্স ও কর এবং মাসুল বন্ধক দিয়া যে টাকা কর্জ করা যায় তাহার আসল টাকা পরিশোধ করিবার জন্যে উক্ত কমিস্যনরদিগের এই ক্ষমতা হইবেক এবং তাঁহারদিগকে ইহার দ্বারা ক্ষমতা ও হুকুম দেওয়া গেল যে যে টাকা এইরূপে কর্জ হইয়াছে অথবা বন্ধকক্রমে লওয়া গিয়াছে এবং তৎসময়েতে দেনা থাকে এবং উক্ত ঘরের টাক্স ও কর ও মাসুলের বন্ধকক্রমে ধার্য্য থাকে সেই টাকার ত্রিশ অংশের এক অংশের হিসাবে যত হয় তত টাকা প্রতিবৎসরে পূর্ব্বোক্ত করহইতে বাদ দেন্ এবং পৃথক্ রাখেন্ এবং তাহা "সিঙ্কিং ফণ্ড" অর্থাৎ কর্জ পরিশোধের পুঁজির ন্যায় রাখেন্ এবং তাহা সেই প্রকার কর্জ করা অথবা বন্ধকক্রমে লওয়া আসল টাকা পরিশোধ করণার্থ ব্যয় হইবেক। এবং কমিস্যনরেরা সময়ক্রমে ঐ "সিঙ্কিং ফণ্ডের" টাকা কোম্পানি বাহাদুরের কাগজ অর্থাৎ প্রোমিসরি নোটে অর্পণ করিবেন এবং ঐ কোম্পানির কাগজ সময়ক্রমে গবর্ণমেণ্টের একেণ্ট সাহেবের হস্তে ন্যস্ত হইবেক এবং সেই কাগজের উপর

posited from time to time in the hands of the Government Agent, who is hereby empowered and required to increase the same by investigating the interest payable thereon as the same shall become due and payable in the purchase of other Company's Paper, and so on from time to time, so that the said Sinking Fund shall accumulate at compound interest until the same shall be of sufficient amount to pay off the said principal debts, or one of them or some part of some one of them at which time the same shall be so applied in paying off the same in manner hereinafter mentioned.

LXII. And it is enacted, that every mortgage of assessments, taxes and duties authorized to be made under the provisions of this Act shall be by deed in which the consideration shall be truly stated, and every such deed shall be under the common seal of the said Commissioners, and signed by three of them at the least at one of their annual, quarterly or special meetings aforesaid, and may be according to the form in the Schedule [A] to this Act annexed, or to the like effect, and the respective mortgagees shall be entitled one with another to their respective proportions of the assessments, taxes, tolls and duties comprised in such mortgages according to the respective sums which in such mortgages are mentioned to be advanced by such mortgagees respectively, and to be repaid the sums so advanced with interest without any preference one above another by reason of priority of advance, or of the date of any such mortgage respectively.

LXIII. And it is enacted, that the expences of every mortgage shall from time to time be defrayed by the said Commissioners out of the money raised by the same.

LXIV. And it is enacted, that a Register of all the said mortgages, shall be kept by the Clerk of the said Commissioners, and within fourteen days after the date of any mortgage and entry or memorial specifying the number and date of such mortgage, and the sum secured thereby and the names of the parties thereto with their proper additions, shall be made in the said Register, and the said Register may be perused at all reasonable times by any mortgagee or by any person interested in any such mortgage without fee or reward.

LXV. And it is enacted, that from time to time any party entitled to any such mortgage may transfer his right and interest therein to any other person, and every such transfer shall be by deed wherein the consideration shall be truly stated, and every such transfer may be according to the form in the Schedule B to this Act annexed or to the like effect.

LXVI. And it is enacted, that within thirty days after the date of every such transfer, if executed within the territories subject to the Government of the East India Company, or otherwise, within thirty days after the arrival thereof within the said territories, it shall be produced to the said Clerk, and thereupon the said

যে সুদ হয় তাহা যেমন পাওনা হয় তেমনি তাহা লইয়া অন্য কোম্পানির কাগজ খরীদ করিতে এবং সেইরূপে ঐ পুঁজি বৃদ্ধি করিতে ঐ এজেণ্ট সাহেবকে ক্ষমতা ও হুকুম দেওয়া গেল এবং সেইরূপে সময়ক্রমে যাবৎ ঐ "সিঙ্কিং ফণ্ড" ঐ আসল কর্জসকল অথবা তাহার কোন একটা কিম্বা কোন একটার কোন ভাগ পরিশোধ করণার্থে প্রচুর না হয় তাবৎ ঐ "সিঙ্কিং ফণ্ড" সুদের উপর সুদের জমা করণের দ্বারা বৃদ্ধি হইতে থাকিবেক। এবং পুঁজি সেইরূপে প্রচুর হইলে তাহা পশ্চাৎ লিখিত প্রকারে ঐ কর্জ পরিশোধ করণের জন্যে ব্যয় হইবেক ইতি।

৬২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের বিধানক্রমে যে ঘরের টাক্স ও কর ও মাসুল বন্ধক দেওনের ক্ষমতা আছে সেই প্রকার প্রত্যেক বন্ধক কর্ম্ম বন্ধকপত্রের দ্বারা করা যাইবেক এবং সেই পত্রের মধ্যে যে নিমিত্তে তাহা বন্ধক দেওয়া গেল তাহা অতি যথার্থরূপে লেখা থাকিবেক এবং সেইরূপ প্রত্যেক বন্ধকপত্রে উক্ত কমিস্যনরেরদের সাধারণ মোহর থাকিবেক এবং তাঁহারদের পূর্ব্বোক্ত কোন বার্ষিক বা ত্রৈমাসিক কি বিশেষ বৈঠকের সময়ে অন্যূন তিন জনের দ্বারা দস্তখৎ হইবেক এবং এই আইনের শেষের লিখিত A চিহ্নিত তফসীলের পাঠানুসারে অথবা তাহার ভাবানুসারে ঐ বন্ধকপত্র প্রস্তুত হইতে পারে। এবং ঐ বন্ধকলওনিয়া নানা ব্যক্তি ঐ বন্ধকপত্রের লিখিত ঘরের টাক্স ও কর এবং মাসুল স্ব২ অংশানুসারে পাইবার যোগ্য হইবেন অর্থাৎ ঐ বন্ধকপত্রে ঐ বন্ধকলওনিয়া ব্যক্তিরদের যত টাকা কর্জ দেওনের বিষয় এবং সুদসমেত ফিরিয়া পাইবার বিষয় লেখা থাকে সেই হিসাবঅনুসারে তাঁহারা টাক্সইত্যাদির হিস্যা পাইবেন কিন্তু এক জন অগ্রে টাকা কর্জ দেওনপ্রযুক্ত অথবা এক জনের বন্ধকপত্রের তারিখ অন্যাপেক্ষা পূর্ব্ব হওয়াপ্রযুক্ত সেই ব্যক্তি অন্য ব্যক্তিঅপেক্ষা অগ্রে টাকা পাইবেন না ইতি।

৬৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে প্রত্যেক বন্ধকপত্রের খরচ সময়ক্রমে কমিস্যনরেরা সেই বন্ধকক্রমে প্রাপ্ত টাকাহইতে দিবেন ইতি।

৬৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরদের মুহুরীর উক্ত সকল বন্ধকের এক রেজিষ্টর রাখিবেক এবং বন্ধকের তারিখের পর চৌদ্দ দিবসের মধ্যে ঐ রেজিষ্টরী বহীতে ঐ বন্ধক লেখা যাইবেক এবং সেই নিদর্শনে ঐ বন্ধকের নম্বর ও তারিখ ও সেই বন্ধকের দ্বারা যত টাকা কর্জ হইল তাহা এবং কর্জদেওনিয়া ব্যক্তিরদের নাম ও পদবীইত্যাদি লেখা থাকিবেক। এবং বন্ধকলওনিয়া কোন ব্যক্তি অথবা সেই বন্ধকে যে কোন ব্যক্তির ক্ষতিবৃদ্ধি থাকে সেই ব্যক্তি সকল উপযুক্ত সময়ে রসুম অথবা পুরস্কার না দিয়া সেই রেজিষ্টরী বহী দেখিতে পারিবেন ইতি।

৬৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে কোন ব্যক্তির ঐ বন্ধকে স্বত্ব থাকে সেই ব্যক্তি সময়ক্রমে তাহার মধ্যে আপনার অধিকার ও লাভ অন্য কোন ব্যক্তির প্রতি অর্পণ করিতে পারেন্ এবং সেই অর্পণের কার্য্য দলীলের দ্বারা করা যাইবেক এবং যে কারণপ্রযুক্ত অর্পণ হইল তাহার সকল বৃত্তান্ত তাহার মধ্যে যথার্থরূপে লেখা থাকিবেক এবং এইরূপ প্রত্যেক খারিজদাখিল এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফসীলের পাঠানুসারে অথবা সেই ভাবানুসারে করা যাইবেক ইতি।

৬৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ খারিজদাখিল যদি কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে করা যায় তবে তাহা করণের তারিখের পর ত্রিশ দিনের মধ্যে নতুবা উক্ত দেশের মধ্যে তাহা পঁহুছনের পর ত্রিশ দিনের মধ্যে তাহা উক্ত মুহুরীরের নিকটে আনিতে হইবেক এবং তাহাতে ঐ মুহুরীর আসল বন্ধকপত্র লইয়া যেরূপ করিয়াছিল সেইরূপে ঐ খারিজদাখিলের এক

Clerk shall make an entry or memorial thereof in the Register aforesaid in the same manner as in the case of an original mortgage, and for such entry the said Clerk may demand and receive a fee not exceeding Two Rupees, and after such entry every such transfer shall entitle the transferee, his Executors, Administrators and Assigns to the full benefit of the original mortgage, and the principal and interest secured thereby, and such transferee may in like manner assign or transfer the same again and toties quoties, and it shall not be in the power of any person except the person to whom the said mortgage shall have been last transferred, his Executors or Administrators or Assigns to make void, release or discharge the original mortgage, or the monies due thereon or secured thereby.

LXVII. And it is enacted, that from and after the payment or satisfaction of all the principal and interest of monies secured by any mortgage made under the powers of this Act, all the estate, property, right and interest by such mortgage vested in the mortgagee, his Heirs, Executors, Administrators or Assigns, shall without any transfer or release, or any other act or deed whatsoever immediately cease and determine.

LXVIII. And in order that no undue preference may be given in paying off any mortgages it is enacted, that whenever the said Commissioners shall be enabled to pay off one or more out of the number of the said mortgages, or a part of the money secured on any such mortgage, they shall decide the order in which such mortgages shall be paid off by lot or ballot, and shall cause a notice signed by their Clerk to be given to the person entitled to the money to be paid off pursuant to such lot or ballot, and such notice shall express the principal sum proposed to be paid off, and that the same will be paid together with the interest due thereon, at the office of the Clerk of the said Commissioners on a day and at an hour to be specified at the expiration of six months from the date of giving such notice.

LXIX. And it is enacted, that the said Commissioners may if they think proper fix a period for the repayment of the whole of the principal money borrowed on any one mortgage under the provisions of this Act with the interest thereon, and in such case the said Commissioners shall cause such period to be inserted in the mortgage deed, and upon the expiration of such period the said principal sum, together with the arrears of interest thereon, shall on demand be paid to the party entitled to receive such principal sum and interest, and if no other place of payment be inserted in such mortgage deed such principal and interest shall be payable at the office of the Clerk of the said Commissioners.

LXX. And it is enacted, that if no time be fixed in the mortgage deed for the repayment of the money so borrowed the party entitled to receive such money may at the expiration, or at any time after the expiration, of twelve months from the date

নিদর্শন রেজিষ্টরী বহীতে লিখিবেক এবং তাহা লিখনের জন্যে ঐ মুহুরীর দুই টাকার অনধিক রসুম দাওয়া করিতে এবং লইতে পারে। এবং সেই খারিজদাখিল বহীতে লেখা গেলে পর যে ব্যক্তির নামে দাখিল হইল সেই ব্যক্তি এবং তাহার অছি ও আডমিনিষ্ট্রেটর ও আসৈন আসল বন্ধকের এবং তাহার দ্বারা যে আসল টাকা ও সুদ ধার্য্য হইল তাহার উপকারের সম্পূর্ণ অধিকারী হইবেন। এবং যে ব্যক্তির নামে দাখিল হইল সেই ব্যক্তি সেইরূপে তাহা অন্য ব্যক্তির প্রতি অর্পণ করিতে এবং অন্যের নামে খারিজদাখিল করিতে পারেন এবং যে ব্যক্তির নামে সেই বন্ধক শেষে খারিজদাখিল হইল সেই ব্যক্তি অথবা তাহার অছি কি আডমিনিষ্ট্রেটর কিম্বা আসৈন ছাড়া অন্য কোন ব্যক্তি আসল বন্ধক অথবা তাহার দ্বারা যে টাকা দেয় হয় এবং যে টাকার নিমিত্তে তাহা দেওয়া গেল তাহা খালাস করিতে বা তাহার ফারখৎ দিতে পারিবেন না। ইতি।

৬৭ ধরা। এবং ইহাতে হুকুম হইল যে যে টাকা এই আইনের শক্তিক্রমে কোন বন্ধকের দ্বারা কর্জ হইয়াছিল সেই আসল টাকা ও সুদ পরিশোধ হওনের পর অথবা দেওয়া গেলে পর সেই বন্ধকের দ্বারা যে সকল ইষ্টেট ও সম্পত্তি ও স্বত্ত্ব ও লাভ সেই বন্ধকলওনিয়া ব্যক্তি কি তাহার উত্তরাধিকারী কি অছি অথবা আডমিনিষ্ট্রেটর কি আসৈনকে অর্পণ হইয়াছিল তাহা অন্য কোন খারিজদাখিল অথবা ফারখৎ বিনা অথবা অন্য কোন কর্ম্ম না করিলে তৎক্ষণাৎ শেষ হইবেক ও নিবৃত্ত হইবেক ইতি।

৬৮ ধারা। এবং কোন বন্ধক পরিশোধ করণেতে কোন অনুপযুক্ত পক্ষপাত না হইবার জন্যে ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরা যখন উক্ত বন্ধকের সংখ্যার মধ্যে এক বা ততোধিক বন্ধক অথবা যে টাকা ঐ বন্ধকের দ্বারা ধার্য্য হইল তাহার কোন ভাগ পরিশোধ করিতে ক্ষম হন তখন যে ক্রমে বন্ধক পরিশোধ হইবেক তাহা গুলিবাঁটের দ্বারা অথবা "বালটের" দ্বারা ধার্য্য করিবেন। এবং ঐ গুলিবাঁট অথবা "বালট" অনুসারে যে ব্যক্তির টাকা পরিশোধ করিতে হয় তাঁহাকে তাহারদের মুহুরীর এক এত্তেলানামা সহী করিয়া দিবেক এবং সেই এত্তেলানামার মধ্যে যে আসল টাকা পরিশোধ করিবার কল্প.হইয়াছে তাহা লেখা থাকিবেক এবং তাহাতে আরো লেখা থাকিবেক যে ঐ টাকা সুদ সমেত এত্তেলা দেওনের তারিখের পর ছয় মাস অতীত হইলে নির্দ্দিষ্ট সময়ে ও ঘন্টায় উক্ত কমিস্যনরেরদের মুহুরীর দপ্তরখানায় দেওয়া যাইবেক ইতি।

৬৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরদের যদি উচিত বোধ হয় তবে তাঁহারা এই আইনের বিধিঅনুসারে কোন এক বন্ধকক্রমে যে টাকা কর্জ করিয়াছিলেন তাহা সমুদয় সুদ সমেত পরিশোধ করণের জন্যে মিয়াদ নিরূপণ করিতে পারেন এবং এইমত গতিকে উক্ত কমিস্যনরেরা সেই মিয়াদ বন্ধকপত্রের মধ্যে লিখিতে হুকুম দিবেন এবং সেই মিয়াদ শেষ হইলে যে ব্যক্তি আসল টাকা ও সুদ পাইবার স্বত্ত্ব রাখেন সেই ব্যক্তির দাওয়াক্রমে উক্ত আসল টাকা সুদ সমেত তাঁহাকে দেওয়া যাইবেক এবং যদি টাকা দেওনের কোন স্থান বন্ধকপত্রে নির্দ্দিষ্ট না থাকে তবে আসল টাকা ও সুদ উক্ত কমিস্যনরেরদের মুহুরীর দপ্তরখানায় দেওয়া যাইবেক ইতি।

৭০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সেইরূপ কর্জ করা টাকা পরিশোধ করণার্থ যদি কোন মিয়াদ বন্ধকপত্রে নির্দ্দিষ্ট না থাকে তবে যে ব্যক্তি সেই টাকা পাইবার স্বত্ত্ব রাখেন সেই ব্যক্তি সেই বন্ধকের তারিখের পর বারো মাস অতীত হইলে অথবা অতীত হওনের

of such mortgage, demand payment of the principal sum thereby secured, with all arrears of interest, upon giving six months' previous notice for that purpose, and in the like case the said Commissioners may at any time pay off the money borrowed on giving the like notice, and every such notice shall be in writing or print; or partly in writing and partly in print, and if given by a mortgagee or creditor shall be delivered to the Clerk aforesaid or left at his office, and if given by the said Commissioners shall be given either personally to such mortgagee or creditor, or left at his residence, or if his present residence be not known then at his last known place of abode, or if such mortgagee or creditor be unknown to the said Commissioners, or cannot be found after diligent inquiry and his last place of abode be unknown, such notice shall be given by advertisement in the Calcutta Government Gazette, and once in each of three successive weeks in two of the Calcutta newspapers.

LXXI. And it is enacted, that if the said Commissioners shall have given notice in terms of this Act of their intention to pay off any such mortgage, then at the expiration of such notice all further interest shall cease to be payable on such mortgage unless demand of payment be made pursuant to such notice, and unless on such demand being duly made the said Commissioners shall fail to pay the principal and interest then due on such mortgage.

LXXII. And it is enacted, that it shall be lawful for any mortgagee or other person entitled to receive payment of the money secured by any such mortgage, to enforce the payment of the principal money and interest due thereon by applying for the appointment of a Receiver in the manner hereinafter provided, but in order to authorize the appointment of such Receiver the amount of money owing to the mortgagee or mortgagees, or creditor or creditors, by whom the application is made shall not be less than Ten Thousand Rupees.

LXXIII. And it is enacted, that if within six months after the principal money or any interest owing upon any such mortgage has become payable and after demand thereof in writing the same be not paid, the mortgagee or other creditor as aforesaid (without prejudice to his right to sue for such principal money, together with all arrears of interest in any competent Court or Courts of Law or Equity) may if his debt amount to the sum of Ten Thousand Rupees alone, or if his debt does not amount to that sum, in conjunction with other mortgagees whose debts being so in arrears after demand as aforesaid shall, together with his amount to the said sum, require the appointment of a Receiver by an application to be made as hereinafter provided.

LXXIV. And it is enacted, that every application for a Receiver shall be made to one or more

পর কোন সময়ে সেইরূপ ধার্য্য হওয়া আসল টাকা ও সকল সুদ দাওয়া করিতে পারেন কিন্তু তাহার ছয় মাস পূর্ব্বে তাহার এত্তেলা দিতে হইবেক। এবং সেইরূপে ঐ কমিস্যনরেরা সেই প্রকার এত্তেলা দিলে পর কোন সময়ে কর্জ্জকরা টাকা পরিশোধ করিতে পারেন এবং এইরূপ প্রত্যেক এত্তেলা লিখিত অথবা ছাপা হওয়া কাগজে অথবা কতক লিখিত কি কতক ছাপা কাগজে দেওয়া যাইবেক। এবং যদি বন্ধকলওনিয়া ব্যক্তি অথবা মহাজন সেইরূপ এত্তেলা দেন তবে পূর্ব্বোক্ত মুহুরীরকে তাহা দিতে হইবেক অথবা তাহার দফ্তরে দিয়া আসিতে হইবেক। এবং যদি উক্ত কমিস্যনরেরা সেইরূপ এত্তেলা দেন তবে তাহা ঐ বন্ধকলওনিয়া ব্যক্তি অথবা মহাজনকে নিজে দিতে হইবেক কি তাঁহার নিবাসস্থানে দিয়া আসিতে হইবেক কিম্বা যদি তাঁহার এক্ষণকার বাস স্থান জানা না যায় তবে সে ব্যক্তি শেষে যে স্থানে বাস করিলেন তথায় দিয়া আসিতে হইবেক অথবা যদি সেই বন্ধকলওনিয়া ব্যক্তি কি মহাজন উক্ত কমিস্যনরেরদের পরিচিত না থাকেন অথবা উপযুক্ত অনুসন্ধানের পর সেই ব্যক্তিকে না পাওয়া যায় এবং তাহার শেষ বাস স্থান জানা না যায় তবে এক ইশ্তিহারের দ্বারা কলিকাতা গবর্ণমেণ্ট গেজেটে এবং একাদিক্রমে তিন সপ্তাহপর্য্যন্ত একবার কলিকাতার দুইটা খবরের কাগজে এত্তেলা দেওয়া যাইবেক ইতি।

৭১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরা যদি এই আইনের লিখিত নিয়মক্রমে এইমত কোন বন্ধকী টাকা পরিশোধ করিতে আপনারদের মানসের বিষয়ে এত্তেলা দেন তবে সেই এত্তেলার মিয়াদ শেষ হইলে পর সেই বন্ধকী পত্রের উপর আর সুদ চলিবেক না কিন্তু যদি সেই এত্তেলাক্রমে টাকার দাওয়া হয় এবং যদি সেইরূপ দাওয়া রীতিমত হইলে উক্ত কমিস্যনরেরা সেই বন্ধকী টাকার উপর তৎসময়ে দেনা আসল টাকা সুদ সমেত না দেন তবে সুদ চলিতে থাকিবেক ইতি।

৭২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন বন্ধকলওনিয়া ব্যক্তি অথবা সেইরূপ বন্ধকক্রমে যে টাকা কর্জ্জ হইয়াছিল তাহা পাইবার অন্য যে ব্যক্তির স্বত্ত্ব আছে সেই ব্যক্তি আপনার পাওনা আসল টাকা ও সুদ জোর করিয়া আদায় করিতে পারেন অর্থাৎ পশ্চাৎ লিখিতমতে এক জন রিসিবর নিযুক্ত করণের বিষয়ে দরখাস্ত করিতে পারিবেন। কিন্তু যে বন্ধক লওনিয়া বা লওনিয়ারা কিম্বা মহাজন বা মহাজনেরা সেইরূপ দরখাস্ত করেন তাঁহারদের যদি দশ হাজার টাকার ন্যূন পাওনা থাকে তবে সেইরূপে রিসিবর নিযুক্ত হইতে পারে না ইতি।

৭৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সেইরূপ বন্ধকী খতের উপর আসল টাকা কি কোন সুদ দেনা হইলে লিখনের দ্বারা তাহার দাওয়া হইলে পর যদি ছয় মাসের মধ্যে তাহা না দেওয়া যায় তবে বন্ধকলওনিয়া ব্যক্তি অথবা পূর্ব্বোক্তমত কোন মহাজন যদি কেবল তাহার পাওনা দশ হাজার সংখ্যা হয় অথবা তাহার পাওনা তৎসংখ্যক না হইলে অন্য বন্ধকলওনিয়া যে ব্যক্তিরদের পাওনা টাকা পূর্ব্বোক্তমতে দাওয়া হওনের পর বাকী পড়িয়াছে তাঁহারদের সেই টাকা ও তাঁহার পাওনা টাকা সর্ব্ব সুদ্ধ যদি দশ হাজার হয় তবে তাঁহারা পশ্চাৎ লিখিত বিধানমতে দরখাস্ত করিয়া এক জন রিসিবর নিযুক্ত করণের দাওয়া করিতে পারেন। কিন্তু ইহার দ্বারা আসল টাকা ও বাকীপড়া সকল সুদের বিষয় কোন ক্ষমতাপন্ন আইন অথবা একুটির আদালত বা আদালতসকলে নালিশ করিতে তাঁহার যে স্বত্ত্ব আছে তাহার কিছু হানি হইবেক না ইতি।

৭৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে রিসিবর নিযুক্ত করণের প্রত্যেক দরখাস্ত বাঙ্গলা দেশস্থ ফোর্ট

Justices of Her Majesty's Supreme Court of Judicature at Fort William in Bengal, and on any such application it shall be lawful for such Justice or Justices, by order in writing, after hearing the parties to appoint a fit and proper person to receive the whole or a competent part of the rates and assessments, and to apply the same to the payment of such interest or principal and interest as the case may be, together with all costs, including the charges of receiving the rates and assessments until the said principal and interest, together with all such costs and charges be fully paid, and upon such appointment being made all such rates and assessments as aforesaid shall be paid to and received by the person so appointed, who is hereby empowered to give good and sufficient discharges for the same, and the money so to be received shall be so much money received by or to the use of the party to whom such interest or such principal and interest, as the case may be, shall be then due, and on whose behalf such Receiver shall have been appointed, and after such interest and costs, or such principal, interest and costs have been so received the power of such Receiver shall cease.

SCHEDULE A.

FORM OF MORTGAGE DEED.

Mortgage No. Rupees By virtue of the Act of the Legislative Council No. of 184 , We the Commissioners appointed and acting under and by authority of the said Act, in consideration of the sum of Co.'s Rupees paid to us by A. B. of do hereby assign unto the said A. B., his Executors, Administrators and Assigns, all the rates, tolls and sums of money arising in the Town of Calcutta and District thereunto adjoining, by virtue of the said Act, and all the estate, right, title and interest of the said Commissioners in the same. To hold unto the said A. B. his Executors, Administrators and Assigns until the sum of together with interest for the same at the rate of for every Hundred Rupees by the year be satisfied (the principal sum to be repaid at the of years from the date hereof)—*(in case any certain period be agreed upon for that purpose.)*

Given under our common seal this day of in the year of our Lord and signed by us at our Meeting on the said day.

A. B. *Commissioner.*
C. D. "
E. F. "

SCHEDULE B.

FORM OF TRANSFER OF MORTGAGE.

I, A. B., of in consideration of the sum of paid to me by G. H. of do hereby transfer to the said G. H., his Executors, Administrators and Assigns a certain Mortgage, Number made by the Commissioners appointed and acting under and by authority of Act

উলিয়মের শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের একাধিক ততোধিক জজ সাহেবের নিকটে করা যাইবেক এবং সেইরূপ দরখাস্ত হইলে ঐ জজ অথবা জজ সাহেবেরা দরখাস্তকারিরদের এজহার শুনিয়া কর এবং ঘরের টাক্সের সমুদয় অথবা তাহার প্রচুর অংশ লইতে এক জন উপযুক্ত ও মাতবর ব্যক্তিকে নিযুক্ত করিতে পারেন এবং সেই ব্যক্তি সেই টাকা লইয়া সেই সুদ অথবা বিষয়বিশেষে আসল টাকা ও সুদ এবং সকল খরচা এবং ঐ আসল টাকা ও সুদ এবং সেই সকল খরচা ও খরচ পরিশোধ না হওনপর্য্যন্ত ঐ কর এবং ঘরের টাক্স আদায় করণে যে সকল খরচ পড়ে তাহা দিবেন এবং এইরূপ এক জন রিসিবর নিযুক্ত হইলে পূর্ব্বোক্ত সকল কর ও টাক্স সেইরূপে নিযুক্তহওয়া ব্যক্তিকে দেওয়া যাইবেক এবং তিনি তাহা লইবেন এবং তন্নিমিত্ত উত্তম ও মাতবর ফারখৎ দিতে তাঁহার প্রতি ইহার দ্বারা ক্ষমতা দেওয়া গেল। এবং তিনি এইরূপে যে সকল টাকা পান যে ব্যক্তির সেই সুদ অথবা বিষয়বিশেষে সেই আসল টাকা ও সুদ সেই সময়ে পাওনা থাকে অথচ যে ব্যক্তির পক্ষে ঐ রিসিবর নিযুক্ত হইয়াছিলেন সেই ব্যক্তির দ্বারা অথবা সেই ব্যক্তির নিমিত্তে ঐ টাকা পাওয়া গিয়াছে এমত জ্ঞান হইবেক এবং সেই সুদ ও খরচা অথবা আসল টাকা ও সুদ ও খরচা পরিশোধ করা গেলে ঐ রিসিবরের ক্ষমতা নিবৃত্ত হইবেক ইতি।

A চিহ্নিত তফসীল।

বন্ধকপত্রের পাঠ।

এত টাকার অমুক নম্বরী বন্ধক। ব্যবস্থাপক কৌন্সেলের অমুক সালের অমুক নম্বরী আইনক্রমে আমরা উক্ত আইনানুসারে ও উক্ত আইনের শক্তিক্রমে কমিস্যনরী পদে নিযুক্ত হইয়া আমারদিগকে অমুক স্থাননিবাসি শ্রী অমুক কোম্পানির এত টাকা দিয়াছেন তৎপ্রযুক্ত আমরা উক্ত অমুককে ও তাঁহার অছি ও আডমিনিষ্ট্রেটর ও আসৈনকে উক্ত আইনের শক্তিক্রমে কলিকাতা নগরের ও তাহার নিকটস্থ প্রদেশে যে সকল টাক্স ও কর ও অন্য টাকা উৎপন্ন হয় তাহা এবং উক্ত টাক্সপ্রভৃতিতে উক্ত কমিস্যনরেরদের অর্থাৎ আমারদের যে ইষ্টেট ও স্বত্ব ও অধিকার ও সম্পর্ক থাকে তাহা অর্পণ করিলাম এবং সালিয়ানা শতকরা এত টাকা সুদ সমেত এত টাকা যাবৎ না দেওয়া যায় তাবৎ উক্ত অমুক ও তাঁহার অছি ও আডমিনিষ্ট্রেটর ও আসৈন তাহা ভোগ করিবেন (ঐ আসল টাকা পরিশোধ করণের কোন বিশেষ মিয়াদ নিরূপণ হইলে এই কথাও লেখা যাইবেক যে) এই পত্রের তারিখঅবধি এত বৎসরের মধ্যে ঐ আসল টাকা দেওয়া যাইবেক।

ইঙ্গরেজী অমুক সালের অমুক তারিখে আমারদের সাধারণ মোহরযুক্ত হইয়া উক্ত দিবসে আমারদের বৈঠকে সহী হইল।

অমুক কমিস্যনর।
অমুক ঐ।
অমুক ঐ।

B চিহ্নিত তফসীল।

বন্ধক খারিজদাখিল করণের পাঠ।

আমি অমুক স্থাননিবাসি অমুক আমাকে অমুক স্থাননিবাসি অমুক এত টাকা দিয়াছেন তৎপ্রযুক্ত আমি ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের অমুক সালের অমুক নম্বরী আইনের দ্বারা ও তাহার শক্তিক্রমে নিযুক্ত ও কর্ম্মকারি কমিস্যনরেরদের স্থানে অমুক তারিখের অমুক

No.   of the Legislative Council of India of 1834, bearing date the   day of   for securing the sum of Company's Rupees   and interest (*or if such transfer be by indorsement* the within security) and all my right, estate and interest in and to the money thereby secured, and in and to the rates, tolls and property thereby assigned.

In Witness whereof I have hereunto set my hand and seal this   day of   in the year of our Lord   .

A. B.   (L. S.)

Ordered, that the Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 11th day of December next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

নম্বরী কোং এত টাকার ও সুদের জামিনস্বরূপ যে বন্ধকপত্র পাইয়াছি তাহা আমি উক্ত অমুককে ও তাঁহার অছিকে ও তাঁহার আডমিনিষ্ট্রেটর ও আসৈনকে দিয়াছি (অথবা যদি পৃষ্ঠে লিখনের দ্বারা খারিজদাখিল করা যায় তবে তাহার লিখিত জামিনপত্র) এবং তৎক্রমে ধার্য্য টাকাতে ও তৎক্রমে সমর্পিত টাক্স ও মাসুল ও সম্পত্তিতে আমার যে স্বত্ব ও ইষ্টেট ও সম্পর্ক আছে তাহা উক্ত অমুককে সমর্পণ করিয়াছি।

তাহার সাক্ষিস্বরূপে আমি ইঙ্গরেজী অমুক সালের অমুক তারিখে এই পত্রে দস্তখৎ করিয়া মোহর করিলাম।

শ্রী অমুক।   দস্তখৎ

হুকুম হইল যে আগামি ডিসেম্বর মাসের ১১ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 19.

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———.

I am directed by the Sudder Board of Revenue to forward to you, herewith, a copy of a letter from Officiating Under-Secretary Mr. Grey, dated the 15th instant, (No. 696,) and to request that you will indent, under the sanction therein conveyed, for as many Pluviometers as may be necessary for the several Collectors of your Division.

2d. With reference to the 2d Para. of Mr. Grey's letter the Board are pleased to direct that the Register shall be kept by the Collector himself, and in his absence by the Head Clerk of his Office.

3d. You will be good enough to prescribe a suitable form of Register.

(Signed)   G. PLOWDEN,
Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 30th September, 1847.

No. 696.

From the Offg. Under Secretary to the Government of Bengal, to the Secretary Sudder Board of Revenue, dated Fort William, the 15th September, 1847.

An application from the Commissioner of the Moorshedabad Division to be furnished with six Pluviometers for the use of the several Revenue Officers subordinate to him, having been submitted by the Military Board to the Government of India, and having been forwarded to this Government for orders, the Deputy Governor has directed that the application should be complied with as well as all

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর আর্ডর।

১৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার নিকটে একটিং ছোট সেক্রেটারী শ্রীযুত গ্রে সাহেবের বর্ত্তমান মাসের ১৫ তারিখের ৬৯৬ নম্বরী পত্রের নকল পাঠাইয়া আদেশ করিতেছি যে তাহাতে লিখিত অনুমত্যনুসারে তোমার এলাকার নানা কালেক্টর সাহেবের বৃষ্টির জলপরিমাপক যত যন্ত্রের আবশ্যক হয় তত পাইবার জন্যে পত্র লেখ।

২। শ্রীযুত গ্রে সাহেবের পত্রের ২ দফার বিষয়ে বোর্ডের সাহেবেরা হুকুম করেন যে কালেক্টর সাহেব আপনি রেজিষ্টর রাখেন এবং তাঁহার অনুপস্থান সময়ে তাঁহার সিরিশ্তার প্রধান কেরাণী তাহা রাখেন।

৩। তুমি রেজিষ্টর রাখণের উপযুক্ত পাঠ নির্দ্দিষ্ট করিবা।

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৩০ সেপ্টেম্বর।

৬৯৬ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ১৫ সেপ্টেম্বর।

মুরশিদাবাদ এলাকার কমিস্যনর সাহেব আপনার অধীন রাজস্বের কার্য্যকারকেরদের ব্যবহারের জন্যে বৃষ্টির জলপরিমাপক ছয়খান যন্ত্র পাইবার বিষয়ে যে দরখাস্ত করিয়াছেন তাহা মিলিটারী বোর্ডের সাহেবেরা ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে পাঠাইলেন পরে তদ্বিষয়ে হুকুম করিবার জন্যে ঐ পত্র বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের নিকটে পাঠান গেলে শ্রীযুক্ত ডেপুটী গবর্নর সাহেব হুকুম করিয়াছেন যে তাঁহার দরখাস্তমতে ঐ যন্ত্র পাঠান যায় এবং রাজস্বের কমিস্যনর সাহেবের।

similar requisitions from the Revenue Commissioners that may be preferred through the Board.

2d. His Honor considers it desirable that the use of the Pluviometers should be introduced, as supplying a useful item of statistical information, and the expence of the requisite apparatus would appear, from a letter of the Deputy Surveyor General to the address of Mr. Taylor, the Commissioner, No. 134 of 15th July, to be trifling. The success in obtaining accurate returns must depend mainly on the interest and attention with which the instrument is observed by some subordinate Officer of each Collectorate, to whom the duty of keeping the Register may be entrusted, and the Deputy Governor would wish the Board to issue such instructions as they may deem necessary to ensure a sufficient degree of care and supervision being bestowed by the several Collectors themselves.

(Signed) WM. GREY,
Offg. Under-Secy. to the Govt. of Bengal.

Sudder Board of Revenue,
Fort William, the 30th September, 1847.

(True Copy)
(Signed) G. PLOWDEN,
Secretary.

No. 21.

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———.

I am directed by the Sudder Board of Revenue to transmit for your information and for communication, through the Collectors of your Division, to all the Uncovenanted Deputy Collectors employed under them, the accompanying copy of the orders of Government No. 838, dated the 3d instant, with enclosure, authorizing travelling allowance to Uncovenanted Deputy Collectors at the rate of 3 Rs. per diem, during the period of their employment in Tents, in the interior of their Districts, and to their Establishments at the usual rate, viz. three-tenths of their Salaries.

(Signed) G. PLOWDEN,
Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 13th November, 1847.

No. 838.

From the Offg. Under-Secretary to the Government of Bengal, to the Secretary Sudder Board of Revenue, dated Fort William, the 3d November, 1847.

I am directed by the Honourable the Deputy Governor of Bengal to transmit the annexed copy of a letter No. 671, from the Secretary to the Government of India, Home Department, dated the 23d ultimo, and to request the Board will make the necessary communication on the subject to the several Officers concerned.

(Signed) WM. GREY,
Offg. Under-Secy. to the Govt. of Bengal.

বোর্ডের সাহেবেরদের দ্বারা সেইরূপ যত যন্ত্রের বিষয়ে দরখাস্ত করেন তাহা দেওয়া যায়।

২। শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেব বোধ করেন যে বৃষ্টির জলপরিমাপক যন্ত্রের ব্যবহারকরা অতি বাঞ্ছনীয় বিষয় যেহেতুক তাহার দ্বারা দেশসম্বন্ধীয় অতি কর্ম্মণ্য সম্বাদ পাওয়া যাইবেক এবং কমিস্যনর শ্রীযুত টেলর সাহেবের নিকটে শ্রীযুত ডেপুটী সরবেয়র জেনরল সাহেব ১৫ জুলাই তারিখের ১৩৪ নম্বরী যে পত্র লিখিয়াছেন তাহাতে দৃষ্ট হইতেছে যে সেই যন্ত্র অল্পাল্প খরচে প্রস্তুত হইতে পারে। প্রত্যেক কালেক্টরীতে যে অধীন কার্য্যকারকের প্রতি রেজিষ্টর রাখণের কর্ম্ম সমর্পণ করা যায় সেই কার্য্যকারক যেপ্রকার যত্ন ও মনোযোগ পূর্ব্বক ঐ যন্ত্রের হিসাব রাখেন তদনুসারে তদ্বিষয়ক যথার্থ সম্বাদ পাওয়া যাইবেক এবং শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেব ইচ্ছা করেন যে যাহাতে নানা কালেক্টর সাহেব আপনারাই তদ্বিষয়ে প্রচুর মনোযোগ ও তত্ত্বাবধারণ করেন এইমত যে কোন উপদেশ বোর্ডের সাহেবেরা উপযুক্ত বোধ করেন তাহা তাঁহারদিগকে দেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্টিং ছোট সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৩০ সেপ্টেম্বর।

(যথার্থ নকল।)
জি প্লোডন। সেক্রেটারী।

---

২১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার বিজ্ঞাপনের নিমিত্তে এবং তোমার এলাকার কালেক্টর সাহেবেরদের দ্বারা তাঁহারদের অধীন নিযুক্ত অচিহ্নিত ডেপুটী কালেক্টরেরদিগকে জানাইবার নিমিত্তে গবর্ণমেণ্টের বর্ত্তমান মাসের ৩ তারিখের ৮৩৮ নম্বরী হুকুমের নীচের লিখিত নকল ও তাহার সঙ্গে প্রেরিত পত্র পাঠাইতেছি। তাহাতে হুকুম আছে যে ডেপুটী কালেক্টরেরা যত কাল আপনারদের জিলার মফঃসলে তাম্বুতে থাকিয়া কর্ম্ম করেন তত কাল তাঁহারদিগকে দিন প্রতি ৩ টাকা রাহাখরচ দেওয়া যাইবেক এবং তাঁহারদের আমলারদিগকে পূর্ব্বকার রীতিমতে আপন২ মাহিয়ানার তিন অংশের দশ অংশ দেওয়া যাইবেক।

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ১৩ নবেম্বর।

৮৩৮ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত এক্টিং ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৩ নবেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের গত মাসের ২৩ তারিখের ৬৭১ নম্বরী পত্রের নীচের লিখিত নকল পাঠাইতেছি এবং আদেশ করিতেছি যে তাহার মধ্যে যে সকল কার্য্যকারকের বিষয় লেখা আছে তাঁহারদের নিকটে বোর্ডের সাহেবেরা তদ্বিষয় উপযুক্তমতে জ্ঞাপন করেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্টিং ছোট সেক্রেটারী।

No. 671.

From G. A. Bushby, Esq., Secretary to the Government of India, to F. J. Halliday, Esq., Secretary to the Government of Bengal, dated the 23d October, 1847.

I am directed to acknowledge the receipt of Mr. Offg. Under-Secretary Grey's letter, No. 811, dated the 18th instant, and in reply to state for the information of the Hon'ble the Deputy Governor of Bengal, that the President in Council is pleased to authorize the Uncovenanted Deputy Collectors under the Bengal Presidency to draw Travelling Allowance at the rate of 3 Rs. per diem during the period of their employment in Tents, in the interior of their Districts, and their Establishments will draw the usual rate, viz. three-tenths of their salaries.

(Signed) G. A. Bushby,
Secy. to the Govt. of India.

Council Chamber, the 23d October, 1847.

(True Copy)
(Signed) Wm. Grey,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

Sudder Board of Revenue,
Fort William, the 13th November, 1847.

(True Copies)
(Signed) G. Plowden,
Secretary.

৬৭১ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এফ জে হালিডে সাহেবের প্রতি ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত জি এ বুশবি সাহেবের পত্র। ১৮৪৭। ২৩ অকটোবর।

হুকুমক্রমে জানাইতেছি যে একটিং ছোট সেক্রেটারী শ্রীযুত গ্রে সাহেবের বর্ত্তমান মাসের ১৮ তারিখের ৮১১ নম্বরী পত্র পাইলাম এবং তদুত্তরে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের বিজ্ঞাপনার্থ জানাইতেছি যে হজুর কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব হুকুম করিয়াছেন যে বাঙ্গলা রাজধানীতে অচিহ্নিত ডেপুটী কালেক্টরেরা যত কাল আপনারদের জিলার মফঃসলে তাম্বুতে থাকিয়া কর্ম্ম করেন তত কাল দিন প্রতি ৩৲ টাকার হিসাবে রাহা খরচ পাইবেন এবং তাঁহারদের আমলারা রীতিমতে আপন২ মাহিয়ানার তিন অংশের দশ অংশ পাইবেন।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

কৌন্সেল ঘর। ১৮৪৭। ২৩ অকটোবর।

(যথার্থ নকল।)

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ১৩ নবেম্বর।

(যথার্থ নকল।)

জি প্লোডন। সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 26th November, 1847.

Moulvy Khyrollah Sha, Moonsiff of Deaug, Zillah Chittagong, to be Moonsiff of Bhutteeary.

Moulvy Abdool Futtah, Moonsiff of Bhutteeary, to be Moonsiff of Deaug.

LEAVES OF ABSENCE.

The 25th November, 1847.

Baboo Manickchund Shome, Additional Moonsiff of Dinagepore, for one month beyond the period of the late Dusserah Vacation.

The 26th November, 1847.

Baboo Gunganarin Mookerjea, Moonsiff of Mohunpore, Zillah Midnapore, for three days in excess of the Dusserah Vacation.

The 30th November, 1847.

Baboo Juggurnath Bordolye, Moonsiff of Nulbaree, Zillah Kamroop, for three months from the 20th instant.

The leave of absence for nine days granted on the 30th September last, to Kazee Nazirooddeen Mahomed, Moonsiff of Indoss, Zillah West Burdwan, has been cancelled at his own request.

The 3d December, 1847.

Baboo Degumber Biswas, Moonsiff of Nicklee, Mymensingh, for three weeks from the 22d ultimo.

B. J. Colvin, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৬ নবেম্বর।

জিলা চাটিগাঁর দিয়াঙ্গের মুনসেফ শ্রীযুত মৌলবী খয়রুল্লা শা ভটিয়ারীর মুনসেফ হইবেন।

ভটিয়ারীর মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল ফত্তা দিয়াঙ্গের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২৫ নবেম্বর।

দিনাজপুরের অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু মাণিকচাঁদ সোম গত দশহরার বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৬ নবেম্বর।

জিলা মেদিনীপুরে মোহনপুরের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গানারায়ণ মুখুয্যা দশহরার বন্দের অতিরিক্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ৩০ নবেম্বর।

জিলা কামরূপে নলবাড়ীর মুনসেফ শ্রীযুত বাবু জগন্নাথ বরদলৈ বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

জিলা পশ্চিম বর্দ্ধমানের ইন্দাসের মুনসেফ শ্রীযুত কাজী নাজিরুদ্দীন মহম্মদ গত সেপ্টেম্বর মাসের ৩০ তারিখে যে নয় দিনের ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

১৮৪৭ সাল ৩ ডিসেম্বর।

ময়মনসিংহের নিকলীর মুনসেফ শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাস গত মাসের ২২ তারিখঅবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৫০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৯ নবেম্বর।

শ্রীযুত জর্জ আগষ্টস পাকষ্টন সাহেব (Mr. George Augustus Paxton,) বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর্ সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত জি ই ডবলিউ কুপর সাহেব (Mr. G. E. W. Couper,) দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২৪ নবেম্বর।

হিজলীর নিমকের এজেণ্ট শ্রীযুত এ সি বারওয়েল সাহেব (Mr. A. C. Barwell,) কেপহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। অতএব ১৮৪৫ সালের ২৮ অক্‌টোবর তারিখে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

১৮৪৭ সাল ২৭ নবেম্বর।

পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ সি ফৌল সাহেব (Mr. F. C. Fowle,) বর্ত্তমান মাসের ৩ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের প্রথম শ্রেণীর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল ওয়াহিদ খাঁ দশহরার বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি আগামি মাসের ২৪ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৯ নবেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত এচ প্রাট সাহেব (Mr. H. Pratt,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ৩০ নবেম্বর।

১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার রাজস্বের কমিস্যনর শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) এক মাসের ছুটী পাইয়াছেন।

মালদহের সদর আমীন শ্রীযুত পণ্ডিত নরহরি শিরোমণি দশহরার বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি আগামি মাসের ১০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১ ডিসেম্বর।

ভাগলপুরের কালেক্টর শ্রীযুত জে জি কাম্বেল সাহেব (Mr. J. G. Campbell,) আপন কাছারীর কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ সি ওয়াটসন সাহেবের (Mr. W. C. Watson,) প্রতি অর্পণ করিয়া দুই মাসের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত ওয়াটসন সাহেব কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

নদীয়ার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমাচরণ ভট্টাচার্য্য গত অক্‌টোবর মাসের ১১ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল গত মাসের ৭ তারিখ অবধি রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১ ডিসেম্বর।

জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্যকারি শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব (Mr. W. G. Young,) গত মাসের ২৫ তারিখে জিলা হুগলীতে শ্রীরামপুরের অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণ করেন।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত আর এফ হডসন্ সাহেব (Mr. R. F. Hodgson,) গত মাসের ২০ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT.

NOTIFICATION.

The public are hereby informed that, in modification of the Rule contained in Section XXXIX. Regulation X. 1819, whereby all Darogahs of Salt Chokies are required to examine and coot dispatches of Salt passing their respective Chokies, the Board of Customs, Salt and Opium, have with the sanction of Government, prohibited altogether the cooting and examination of boats containing Salt in transit, except at the following stations:

Name of Division.	Name of Chokey.
Western.	Gewakhali.
"	Ghuttaul.
"	Amptah.
"	Cootgunge.
"	Balikhaul.
"	Nyaserai.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৭ ডিসেম্বর।]

নিমক।

বিজ্ঞাপন।

১৮১৯ সালের ১০ আইনের ৩৯ ধারাতে নিমক চৌকীর সকল দারোগাকে হুকুম হইয়াছিল যে তাহারদের চৌকীর সরহদ্দের মধ্য দিয়া যে সকল লবণ যায় তাহা স্বচক্ষে দেখিয়া কুত করে। কিন্তু সর্ব্ব সাধারণ লোককে জানান যাইতেছে যে ঐ বিধান মতান্তর করিয়া গবর্ণমেণ্টের অনুমতিক্রমে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা নীচের লিখিত স্থান ভিন্ন অন্য স্থান দিয়া লবণ বোঝাইকরা যে সকল নৌকা যায় সেই২ নৌকা স্বচক্ষে দেখিয়া কুত করণের সম্পূর্ণরূপে নিষেধ করেন।

এলাকার নাম	চৌকীর নাম
পশ্চিম	গাঁওয়াখালী।
"	ঘাটাল।
"	আমতা।
"	কুতগঞ্জ।
"	বালিখাল।
"	নওয়াসরাই।

Name of Division.	Name of Chokey.
Calcutta, ...	Sootanooty.
Barripore, ...	Atarabankee.
"	Baliaghutta.
Baugundee, ...	Rojeepore.
"	Busuntpoor.
"	Assersoonee.
Jessore, ...	Chandkalee.
"	Syedkalee.
"	Fooltullah.
"	Koomargunge.
"	Gopaulgunge.
Backergunge, ...	Cowcolly.
"	Gournuddee.
"	Bokynuggur.
Midnapore, ...	Mynah.
"	Kassijorah.
"	Kantadwara.
"	Midnapore.
"	Khulnuggur.
"	Jehanpore.

এলাকার নাম	চৌকীর নাম
কলিকাতা	সূতানুটি।
বারুইপুর	আঠার বাঁকী।
"	বালিয়াঘাটা।
বাগুণ্ডী	রোজীপুর।
"	বসন্তপুর।
"	আসরসুনী।
যশোহর	চাঁদখালী।
"	সৈয়দখালী।
"	ফুলতলা।
"	কুমারগঞ্জ।
"	গোপালগঞ্জ।
বাকরগঞ্জ	কাওয়াখালী।
"	গৌর নদী।
"	বকাই নগর।
মেদিনীপুর	ময়না।
"	কাশীযোড়া।
"	কাঁটাঘারা।
"	মেদিনীপুর।
"	খলনগর।
"	জেহানপুর

Boats conveying Salt under Rowannahs by the following routes will hereafter be cooted only at the Stations mentioned opposite to each.

যে সকল নৌকা রওয়ানাক্রমে নীচের লিখিত পথের দিয়া লবণ বোঝাই করিয়া যায় তাহা কেবল ঐ পথের পার্শ্বের লিখিত স্থানে কুত হইতে পারে।

Route.	Name of Chokey.
No. I. From the Hidgellee and Tumlook Agency Ghauts by the Pertabkhali Canal and Roopnarain.	1. Ghuttaul.
No. II. From the Hidgellee Agency Ghauts by the Hooghly and Roopnarain.	1. Gewakhali. 2. Ghuttaul.
No. III. From the Hidgellee and Tumlook Agency Ghauts and from Diamond Harbour, by the Hooghly.	1. Gewakhali. 2. Cootgunge. 3. Nyaserai.
No. IV. From the Hidgellee and Tumlook Agency Ghauts and from Diamond Harbour, by the Hooghly and Damooda.	1. Gewakhali. 2. Amptah.
No. V. From the Hidgellee and Tumlook Agency Ghauts by the Sunderbunds to Khoolnah, and thence beyond the Chokey limits.	1. Syedkhalee. 2. Fooltullah or 2. Koomargunge or 2. Gopaulgunge or 2. Cowcolly. 3. Nulchitty. 4. Gournuddee.
No. VI. From the Hidgellee and Tumlook Agency Ghauts to Baugundee, and thence northward beyond the Chokey limits.	1. Gewakhali. 2. Cootgunge. 3. Atarabankee. 4. Rojeepoor or 3. Baliaghutta. 4. Rojeepoor.

পথ	চৌকীর নাম
১ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে প্রতাপখালী খাল ও রূপনারায়ণ নদী দিয়া যায়।	১ ঘাটাল।
২ নং হিজলীর এজেন্টী ঘাটহইতে হুগলী ও রূপনারায়ণ নদী দিয়া যায়।	১ গাঁওয়াখালী। ২ ঘাটাল।
৩ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাট ও কলাগাছিয়া হইতে হুগলী নদী দিয়া যায়।	১ গাঁওয়াখালী। ২ কুতগঞ্জ। ৩ নওয়াসরাই।
৪ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাট ও কলাগাছিয়া হইতে হুগলী ও দামোদর নদী দিয়া যায়।	১ গাঁওয়াখালী। ২ আমতা।
৫ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে সুন্দরবন দিয়া খুলনায় যায় পরে চৌকীর সরহদ্দের বাহিরে যায়।	১ সৈয়দখালী। ২ ফুলতলা কিম্বা ২ কুমারগঞ্জ কি ২ গোপালগঞ্জ কিম্বা ২ কাওয়াখালী। ৩ নলছিটি। ৪ গৌর নদী।
৬ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে বাগুণ্ডীতে যায় পরে চৌকীর সরহদ্দের উত্তর দিগে যায়।	১ গাঁওয়াখালী। ২ কুতগঞ্জ। ৩ আঠার বাঁকী। ৪ রোজীপুর। অথবা ৩ বালিয়া ঘাটা। ৪ রোজীপুর।

[*Government Gazette, 7th December,* 1847.]

Route.	Name of Chokey.
No. VII. From the Hidgellee and Tumlook Agency Ghauts, through Tolly's Nullah, or the New Canal, to the Eastward.	1. Gewakhali. 2. Cootgunge. 3. Busuntpoor. 4. Chandkalee. 5. Assersoonee. 6. Fooltullah or 6. Koomargunge or 6. Gopaulgunge or 6. Cowcolly. 7. Nulchitty. 8. Gournuddee.
No. VIII. From the Sulkea Golahs and the Ghauts of the 24-Pergunnahs' Agency, by the Hooghly.	1. Balikhaul. 2. Nyaserai.
No. IX. From the Sulkea Golahs to Baugundee.	1. Baliaghutta or 1. Atarabankee. 2. Rojeepoor.
For ascertaining and fixing what pecuniary penalties shall be incurred by persons breaking such Bye-laws. Provided always, that no such last mentioned penalty shall exceed for any one offence the sum of Fifty Rupees, nor in case of continuing nuisance the sum of Five Rupees for every day during which such nuisance shall be continued and unremedied.

XXVII. And it is enacted, that no Bye-law made under the powers for that purpose herein last contained shall be of any force until the same shall have been laid before the Governor of the Presidency of Fort William in Bengal, and his approbation thereof, and that of the Governor General in Council, shall have been certified to the said Commissioners under his hand by the Secretary to the Government of Fort William in Bengal, nor until the expiration of forty days after the same Bye-law

সানরেরদের ক্ষমতা হইবেক এবং ইহার দ্বারা তাঁহারদিগকে তাহা করিতে হুকুম দেওয়া গেল ইতি।

২৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পশ্চাৎ লিখিত সকল অথবা কোন অভিপ্রায়ের নিমিত্ত উক্ত কমিস্যনরেরদের যেমত উচিত বোধ হয় সেইমতে তাঁহারা সময়ক্রমে ব্যবস্থা করিতে পারেন ও ইহার দ্বারা ব্যবস্থা করিতে তাঁহারদের প্রতি হুকুম হইল বিশেষতঃ।

কোন রাস্তায় বা তাহার নিকটে অপকারজনক বিষয় নিবারণ এবং তাহা পরিষ্কার রাখণ।

কসাইখানা ও বাজার রেজিষ্টরী করণ ও তদারক করণ ও তাহা পরিষ্কার ও উপযুক্তমতে রাখণের এবং চব্বিশ ঘণ্টার মধ্যে অন্যূন একবার তাহাহইতে ময়লা উঠাইয়া লইয়া যাওনের এবং তাহাতে প্রচুরমতে জল দেওনের বিষয়ি নিয়ম করণ।

মনুষ্যেরদের আহারের জন্যে যাঁহারা পীড়াজনক মাংস ও মৎস্য ও শাক সবজী ও মিঠাই ও শস্য বিক্রয় করে তাহারদের দণ্ড করণ এবং ঐ মন্দ দ্রব্য ধরণ ও তাহা নষ্ট করণ।

রাস্তা পরিষ্কারকারিরদের কর্ম্ম এবং মূত্রের স্থান ও টাটীর কর্তৃত্বের বিষয়ি নিয়ম করণ।

ময়লা ও অস্বাস্থ্যজনক ঘর পরিষ্কার করণের নিয়ম করণ।

সরকারী জলাশয়হইতে বিশেষ২ ঘরে জল যোগাওন।

পরিশ্রমি প্রজারদের স্বাস্থ্য ও পরিষ্কৃততা ও উপকারের জন্য উক্ত কমিস্যনরেরদের যে প্রকার আবশ্যক বোধ হয় সেই প্রকারে উক্ত শহর নিবাসিরদের গৃহ কর্ম্মের জন্যে যে পুষ্করিণী ও জলপ্রনালী স্থাপন হয় তাহাতে লোকেরদিগকে স্নান করিতে অথবা আপনারদের গাত্র ধুইতে নিবারণ করণ এবং স্নান করিবার নিমিত্তে যে পুষ্করিণী ও জলপ্রণালী স্থাপন হয় তাহাতে স্নান করণের ঘন্টার নির্ণয় করণের নিয়ম করণ।

উক্ত শহর নিবাসি নানা জাতিরদের চৈতন্য ও আচার ও ব্যবহারের বিষয়ে উত্তম বিবেচনা করণ বিধায় উক্ত শহরে স্বাস্থ্য ও পরিষ্কৃততা ও লজ্জা বোধের বিষয়ে উপযুক্ত মতে মনোযোগপূর্ব্বক উক্ত শহর নিবাসিরদের যে কর্ম্ম করা উচিত এবং যে কর্ম্মহইতে ক্ষান্ত হওয়া উচিত সেই কর্ম্ম করাওণ এবং সেই কর্ম্মহইতে ক্ষান্ত করাওণ।

এই সকল ব্যবস্থা লঙ্ঘনকারি ব্যক্তিরদের যে জরীমানা দিতে হয় তাহা নির্ণয় ও স্থাপন করণ। কিন্তু জানা কর্ত্তব্য যে শেষোক্ত এইরূপ কোন জরীমানা কোন এক অপরাধের জন্যে ৫০৲ টাকার অধিক হইবেক না অথবা সেই অপকারজনক বিষয় নিবারণ না হইলে এবং তাহার প্রতিকার না হইলে প্রত্যেক দিবসের জন্যে ৫৲ টাকার অধিক জরীমানা হইবেক না।

২৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত ধারাতে তন্নিমিত্ত যে ক্ষমতা দেওয়া গেল তৎক্রমে যে ব্যবস্থা করা যায় তাহা যাবৎ বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীযুত গবরনর্ সাহেবের নিকটে প্রস্তাব না হয় এবং তাহাতে তাঁহার সম্মতি এবং শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সম্মতি না হয় এবং ঐ শ্রীযুত গবরনর্ সাহেবের দস্তখৎক্রমে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দ্বারা ঐ কমিস্যনরদিগকে জ্ঞাত করা না যায় এবং ঐ ব্যবস্থা কলিকাতার দুই সম্বাদপত্রে একবার প্রকাশ করণের পর যাবৎ চল্লিশ

shall have been published once in two of the Calcutta Newspapers, and a copy of such Bye-law with a declaration thereon, signed by the Clerk to the said Commissioners that the same has been approved by the said Governor and published in two Newspapers as aforesaid with the date of such publication, shall be received as evidence of such Bye-law, and of the approval and publishing thereof as aforesaid in all Courts of Law and Equity and before all Magistrates.

XXVIII. And it is enacted, that all Bye-laws made in pursuance of this Act shall be printed, and a copy thereof shall be posted up and continue so posted in the Office of the Clerk of the said Commissioners, and copies thereof shall be delivered to any person who may apply for the same on payment of such sum as the said Commissioners shall think fit not exceeding Four Annas.

XXIX. And it is enacted, that all the provisions hereinafter contained relative to offences against this Act punishable upon summary conviction shall be taken to apply to all offences committed in breach of any Bye-law made by the said Commissioners by virtue of this Act.

XXX. And it is enacted, that it shall be lawful for the said Commissioners to direct any prosecution for any public nuisance whatsoever, which shall be permitted or suffered within the said Town, and to order proceedings to be taken for the recovery of any penalties and for the punishment of any persons offending against the provisions of this Act, and to direct and order the expenses of such prosecutions and order proceedings to be paid and borne by and out of the funds placed at the disposal of the said Commissioners under the provisions of this Act.

XXXI. And it is enacted, that it shall be lawful for the said Commissioners to sue and be sued, to prefer any bill of indictment or information, or to take any other proceeding against any person who shall steal, take, or carry away or wilfully deface or injure any property, articles, or thing belonging to the said Commissioners, and in every such case it shall be sufficient to state generally the property, article, or thing, in respect of which such proceeding shall have been taken, to be the property of the said Commissioners.

XXXII. And it is enacted, that nothing in this Act contained shall be construed to render lawful any act or omission on the part of any person which is, or but for this Act would be deemed and adjudged to be, a nuisance at Common Law, nor to exempt any person guilty of a nuisance at Common Law from prosecution or action in respect thereof. Provided always, that if any person convicted of an offence under this Act shall have paid the whole amount adjudged to be paid under such conviction, and the costs thereof, in every such case he shall be released from all further or other criminal proceedings for the same offence.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৮ ডিসেম্বর।]

দিবস অতীত না হয় তাবৎ ঐ ব্যবস্থা প্রবল হইবেক না। এবং ঐ ব্যবস্থার যে নকলে উক্ত কমিস্যনরেরদের মুহুরীরের দস্তখৎ করা এই এজহার থাকে যে তাহা উক্ত শ্রীযুক্ত গবরনর সাহেবের দ্বারা মঞ্জুর হইয়াছে এবং পূর্ব্বোক্তমতে দুই সম্বাদপত্রে প্রকাশ হইয়াছে এবং ঐ প্রকাশকরণের তারিখ থাকে সেই নকল আইন এবং একুটির সকল আদালতে এবং সকল মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ ব্যবস্থার এবং তাহা মঞ্জুর হওন এবং প্রকাশ হওনের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবেক ইতি।

২৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনক্রমে যে সকল ব্যবস্থা করা যায় তাহা ছাপা হইবেক এবং তাহার এক নকল উক্ত কমিস্যনরেরদের মুহুরীর দফ্তরখানায় লট্কান যাইবেক এবং লট্কান থাকিবেক এবং যে কোন ব্যক্তি তদ্বিষয়ে দরখাস্ত করে এবং উক্ত কমিস্যনরেরা।৹ আনার অনধিক যে রসুম নিরূপণ করেন তাহা দেয় সেই ব্যক্তিকে তাহার নকল দেওয়া যাইবেক ইতি।

২৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সরাসরীমতে দোষ সাব্যস্ত হওনপূর্ব্বক এই আইনের বিরুদ্ধ দণ্ডনীয় অপরাধের বিষয়ে ইহার পরে যে সকল বিধান নির্দ্দিষ্ট আছে সেই২ বিধান এই আইনের শক্তিক্রমে উক্ত কমিস্যনরেরদের করা কোন ব্যবস্থা উল্লঙ্ঘন করণের অপরাধের বিষয়ে খাটে এমত জ্ঞান করা যাইবেক ইতি।

৩০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত শহরের মধ্যে সাধারণের অপকারক কোন প্রকার বিষয় যে কোন ব্যক্তি থাকিতে বা করিতে দেয় তাহার জন্যে ঐ কমিস্যনরেরা তাহার নামে নালিশ করিতে হুকুম দিতে পারেন এবং কোন জরীমানা আদায় করণের জন্যে এবং এই আইনের বিধির বিরুদ্ধ অপরাধকরণিয়া কোন ব্যক্তিরদের দণ্ড করিবার জন্যে নালিশের উদ্যোগ করিতে হুকুম দিতে পারেন এবং ঐ নালিশ ও অন্য কার্য্যের খরচ এই আইনের বিধিক্রমে উক্ত কমিস্যনরেরদের প্রতি অর্পিত টাকাহইতে দিতে হুকুম ও আজ্ঞা করিতে পারেন ইতি।

৩১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরা নালিশ করিতে পারেন এবং তাঁহারদের নামে নালিশ হইতে পারে এবং উক্ত কমিস্যনরেরদের যে কোন সম্পত্তি বা জিনিস বা দ্রব্য থাকে তাহা যে ব্যক্তি চুরী করে কি লয় বা লইয়া যায় বা জানিয়া শুনিয়া নষ্ট করে বা ক্ষতি করে সেই ব্যক্তির নামে নালিশ করিতে পারেন বা সম্বাদ দিতে পারেন কি অন্য কোন কার্য্য করিতে পারেন এবং এইমত প্রত্যেক মোকদ্দমায় যে সম্পত্তি ও জিনিস অথবা দ্রব্যের বিষয়ে সেইরূপ কোন নালিশ হয় তাহা উক্ত কমিস্যনরেরদের সম্পত্তি ইহা সাধারণমতে জ্ঞাত করিলে প্রচুর হইবেক ইতি।

৩২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে কোন ব্যক্তির যে কোন কর্ম্ম করণ বা না করণ সাধারণ আইনানুসারে অপকারক অপরাধ জ্ঞান ও নিষ্কার্য্য হয় অথবা এই আইন না থাকিলে সেইরূপ জ্ঞান ও নিষ্কার্য্য হইত সেই কর্ম্ম করণ বা না করণ আইনসিদ্ধ হইবেক। এবং সাধারণ আইনেতে যে কর্ম্ম অপকারক অপরাধ হইত সেই কর্ম্মের দোষি কোন ব্যক্তি এই আইনক্রমে তন্নিমিত্ত নালিশগ্রস্ত হওনহইতে ক্ষমা হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে এই আইনক্রমে যে ব্যক্তির অপরাধ সাব্যস্ত হইয়াছে সেই ব্যক্তি ঐ সাব্যস্তক্রমে ধার্য্যহওয়া সম্পূর্ণ টাকা ও তাহার খরচা দিলে পর সেই অপরাধের জন্যে ফৌজদারীসম্পর্কীয় আর কোন নালিশ তাহার নামে হইতে পারিবেক না ইতি।

XXXIII. And it is enacted, that it shall be lawful for the said Commissioners, and they are hereby empowered with the consent and approbation of the said Governor and subject to the restrictions hereinafter contained, to contract and agree with any person or persons for supplying the said Town or any part thereof with water for the purposes of this Act, and with the like consent to agree, with any person having and willing to dispose of the same, for the absolute purchase for any purpose which the said Commissioners shall think necessary for obtaining and protecting such supply of water as aforesaid, of any water-works, streams or waters, lands, tenements, easements, hereditaments, fixtures, machinery, or other property, or to take a lease thereof for any term of years and subject to such conditions as shall be agreed upon between the parties, and also with the like consent and approbation to grant to any person or persons contracting to supply the said Town or any part thereof, with water, a lease for any term not exceeding twenty-one years, of any water-works, machinery, streams, waters, lands, tenements, easements, rights, privileges and advantages belonging to or acquired by, or which may belong to or be acquired by or be vested in the said Commissioners under any of the powers or authorities in this Act contained, so as to enable such person or persons so contracting the more effectually and efficiently to procure and supply water in pursuance of any such contract or agreement, and every such lease so to be granted by the said Commissioners may be made subject to such conditions and stipulations as to the supplying water for the purposes of this Act, or any of them as may be agreed upon between the respective parties thereto. Provided always, that no lease or contract made in pursuance of the powers hereinbefore contained shall be valid or effectual for any purpose whatsoever unless the said Governor's approval of the same shall be testified by writing endorsed on such lease or contract under the hand of the Secretary to the Government of Bengal.

(To be continued.)

৩৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত শ্রীযুত গবর্নর সাহেবের অনুমতি ও সম্মতিক্রমে এবং পশ্চাৎ লিখিত নিষেধের অধীনে উক্ত কমিস্যনরেরা এই আইনের অভিপ্রায়ের জন্যে ঐ শহর অথবা তাহার কোন ভাগে জল যোগাওনের বিষয়ে কোন ব্যক্তি বা ব্যক্তিরদের সঙ্গে বন্দোবস্ত ও চুক্তি করিতে পারেন এবং সেইরূপ বন্দোবস্ত করিতে ইহার দ্বারা তাঁহারদিগকে হুকুম দেওয়া গেল। এবং শ্রীযুতের ঐরূপ সম্মতিক্রমে পূর্ব্বোক্ত জল পাইবার ও রক্ষা করিবার জন্যে যেমত ঐ কমিস্যনরেরদের আবশ্যক বোধ হয় সেইমতে যে কোন ব্যক্তির কোন জলের যন্ত্র ও জলপ্রবাহ কি জল কিম্বা ভূমি বা বাটী কি উপকারি বিষয় কিম্বা উত্তরাধিকারিত্ব বিষয় অথবা স্থাপিত বিষয় বা যন্ত্র কি অন্য সম্পত্তি থাকে এবং সেই ব্যক্তি তাহা হস্তান্তর করিতে ইচ্ছুক আছে তাহা উক্ত কমিস্যনরেরা সম্পূর্ণরূপে খরীদ করিতে পারেন অথবা যে কোন মিয়াদের নিয়ম উভয়ের মধ্যে হয় সেই নিয়মের বন্দোবস্তক্রমে তাহা পাট্টা কি ইজারা করিয়া লইতে পারেন্। এবং সেইরূপে শ্রীযুতের অনুমতি ও সম্মতিক্রমে যে কোন জলযন্ত্র কিম্বা কল বা স্রোত কি জল কি ভূমি বা বাটী অথবা উপকারি বিষয় কি স্বত্ব ও অধিকার ও উপকার এই আইনের শক্তি ও পরাক্রম অনুসারে উক্ত কমিস্যনরেরদের থাকে অথবা তাঁহারা পান কি উত্তর কালে পাইতে পারেন্ কি তাঁহারদের হস্তে অর্পণ হইতে পারে সেই জলযন্ত্রপ্রভৃতি যে ব্যক্তি বা ব্যক্তিরা উক্ত শহর বা তাহার কোন ভাগে জল দেওনের বিষয়ে বন্দোবস্ত করে তাহাকে ২১ বৎসরের অনধিক মিয়াদে ইজারা দিতে পারেন্। এবং তাহার অভিপ্রায় এই যে এইরূপ বন্দোবস্তকারি ব্যক্তি বা ব্যক্তিরা ঐরূপ কোন বন্দোবস্ত বা চুক্তির অনুসারে অধিক কর্ম্মণ্য এবং ফলজনকরূপে ঐ জল আনাইতে পারে ও যোগাইতে পারে। এবং সেইরূপ যে পাট্টা বা ইজারা উক্ত কমিস্যনরেরা দেন্ তাহা এই আইনের অভিপ্রায়ের জন্যে জলযোগাওনের সম্পর্কে যে বন্দোবস্ত ও নিয়মেতে তাঁহারা পরস্পর সম্মত হন্ সেই বন্দোবস্ত ও নিয়মক্রমে হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত ক্ষমতানুসারে যে পাট্টা অথবা চুক্তি হয় সেই পাট্টা কি চুক্তিপত্রের পৃষ্ঠে যদ্যপি বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের দস্তখৎক্রমে উক্ত শ্রীযুত গবর্নর সাহেবের অনুমতির লিখিত নিদর্শন না থাকে তবে তাহা কোন কারণের জন্যে মাতবর অথবা সিদ্ধ হইবেক না ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

NOTIFICATION.

The 22d December, 1847.

At the recommendation of the Superintendent of Police, the Honourable the Deputy Governor of Bengal has been pleased to present Shawls to the undermentioned first Grade Darogahs, in token of the sense entertained by the Government of their meritorious conduct as Police Officers, viz.

To Baboo Sheebnauth Ghose, of Thannah Lall Chitty in Backergunge.	A pair of Shawls, Value Rs. 500.
To Mahomed Kazim, of Thannah Daoodcondy in Tipperah.	One Shawl, ditto ditto.

By order the of Honourable the Deputy Governor of Bengal,

F. J. Halliday,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 28th December*, 1847.]

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল। ২২ ডিসেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেব পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শমতে নীচের লিখিত প্রথম শ্রেণীর দারোগারদের পোলীস সংক্রান্ত অতিপ্রশংসনীয়রূপে কার্য্য করণের বিষয়ে গবর্ণমেন্ট যে বোধ করিয়াছেন তাহা প্রকাশার্থ শাল প্রদান করিয়াছেন।

বিশেষতঃ বাকরগঞ্জের লাল ছিটীর থানার শ্রীযুত বাবু শিব নাথ ঘোষ	এক যোড়া শাল মূল্য ৫০০৲ টাকা
ত্রিপুরার দাউদকণ্ডীর থানার শ্রীযুত মহম্মদ কাজিম	এক ফর্দ শাল মূল্য ৫০০৲ টাকা

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 17th December, 1847.

Moulvy Gholam Yahiah, Law Officer of the Zillah Court of Tipperah, to be Acting Moonsiff of the Sudder Station, vice Moulvy Imdad Ally appointed by the Government to officiate for the Principal Sudder Ameen absent on leave.

LEAVES OF ABSENCE.

The remaining portion of the leave of absence granted to Baboo Degumber Biswas, Moonsiff of Nicklee, Zillah Mymensingh, on the 3d instant, is cancelled from the 6th idem.

The 22d December, 1847.

Baboo Rajnarain Mookerjea, Moonsiff of Nassirnugger, Zillah Tipperah, for one week, in extension of that granted to him on the 13th August last.

The 23d December, 1847.

Baboo Sarodapersad Ghose, Moonsiff of Azmerrygunge, Zillah Sylhet, for one month, in extension of that granted on the 5th ultimo.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৭ ডিসেম্বর।

ত্রিপুরার প্রধান সদর আমীনের ছুটীপ্রযুক্ত অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত মৌলবী ইমদাদ আলী তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিতে গবর্ণমেণ্টের দ্বারা নিযুক্তহওয়াতে ত্রিপুরা জিলা আদালতের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী গোলাম আহিয়া সদর স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

জিলা ময়মুনসিংহের নিকলীর মুনসেফ শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাসকে বর্ত্তমান মাসের ৩ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি রহিত হইল।

১৮৪৭ সাল ২২ ডিসেম্বর।

জিলা ত্রিপুরার নসিরনগরের মুনসেফ শ্রীযুত বাবু রাজনারায়ণ মুখুয্যা গত আগস্ট মাসের ১৩ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৩ ডিসেম্বর।

জিলা ছিলটের আজমিরীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু শারদাপ্রসাদ ঘোষ গত মাসের ৫ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৬৫০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১১ ডিসেম্বর।

এদেশীয় ৯ সংখ্যক পল্টনের কাপ্তান শ্রীযুত এড্বার্ড ডুপর্ টৌনসেণ্ড সাহেব (Captain Edward Du Pre Townshend,) ও শ্রীমতী মহারাণীর ৬১ পল্টনের কাপ্তান শ্রীযুত সি জে অটর সাহেব (Captain C. J. Otter,) বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর্ সাহেবের মুসাহেব হইবেন।

১৮৪৭ সাল ১৫ ডিসেম্বর।

মৃত বাবু আনন্দচন্দ্র দত্তের পরিবর্ত্তে শ্রীযুত বাবু নীলকমল শীল বগুড়ার আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন। এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট বিচারার্থ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত মৌলবী ওসমান আলীর অনুপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ময়মুনসিংহের নসিরাবাদের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী আমীর উদ্দীন ঐ জিলার প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৫ ডিসেম্বর।

বীরভূমের মাজিষ্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) গত অক্টোবর মাসের ৪ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত ১৮৪৮ সালের ১ জানুআরি তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr. G. C. Chapman,) স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের জরীপী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ব্রৌন সাহেব (Mr. J. Brown,) স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

ময়মুনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ওসমান আলী মহরমের বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকট্ক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর কালেক্টর শ্রীযুত এ রীড সাহেবকে (Mr. A. Reid,) গত মাসের ২০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১৫ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জে এচ প্রিন্সেপ সাহেব ও শ্রীযুত জে ডবলিউ শিরর সাহেব (Messrs. J. H. Prinsep, and J. W. Sherer,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

১৮৪৭ সাল ১৬ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E. T. Trevor,) ১৮৪৭। ৪৮ সালের নিয়মিত ছুটী লইতে অনুমতি পাইয়াছেন।

১৮৪৭ সাল ১৮ ডিসেম্বর।

ভাগলপুরের কালেক্টর শ্রীযুত জে জি কাম্বেল সাহেব (Mr. J. G. Campbell,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন।

জিলা কামরূপের গৌহাটীতে আসামের কমিস্যনর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ই টি ডালটন সাহেব (Lieut. E. T. Dalton,) আপন জিলার মফঃসলে গমনার্থ বর্ত্তমান মাসের ৪ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ আগনিউ সাহেবের (Lieut. W. Agnew,) প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ আর ইয়ং সাহেব (Mr. A. R. Young,) "বেণ্টিঙ্ক"নামক বাষ্পীয় জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডে গমন করেন এমত রিপোর্ট করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইলেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৮ ডিসেম্বর।]

২৬৮২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৮ ডিসেম্বর।

এদেশীয় ৩৬ সংখ্যক পল্টনের কাপ্তান শ্রীযুত জে লাঙ্গ সাহেব (Captain J. Lang,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত নদীয়া নদীর সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৫ ডিসেম্বর।

ত্রিহুতের কালেক্টর শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব (Mr. C. T. Davidson,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ কষ্টলি সাহেব (Mr. W. Costley,) গত সেপ্টেম্বর মাসের ২০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১৮ ডিসেম্বর।

যশোহরে খুলনার জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত সি এফ মণ্ট্রেসর সাহেব (Mr. C. F. Montresor,) স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) স্বীয় কর্ম্মোপলক্ষে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২২ ডিসেম্বর।

ভাগলপুরের মাজিষ্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ সি রেক্স সাহেব (Mr. H. C. Raikes,) স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২২ ডিসেম্বর।

ময়মনসিংহের কালেক্টর শ্রীযুত এচ বি বেরেসফোর্ড সাহেব (Mr. H. B. Beresford,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত জি ই লান্স সাহেবের (Mr. G. E. Lance,) প্রতি অর্পণ করেন।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr. R. F. Hodgson,) সরকারী কর্ম্মোপলক্ষে আপন জিলার মফস্বলে গমনার্থ বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপন খাজানা খানার ভার শ্রীযুত সি লিমণ্ড সাহেবের (Mr. C. Limond,) প্রতি অর্পণ করেন।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত টি সি লক সাহেব (Mr. T. C. Loch,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত জে রীড সাহেবের (Mr. J. Reid,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৭০৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৮ ডিসেম্বর।

শ্রীযুত ডবলিউ এস সিটন কার সাহেব (Mr. W. S. Seton Karr,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী হইবেন।

শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Mr. J. W. Dalrymple,) যশোহরের মাজিষ্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৭ সাল ২২ ডিসেম্বর।

শ্রীযুত জি সি ফ্লেচর সাহেবের (Mr. G. C. Fletcher,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব (Mr. G. G. Mackintosh,) ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের (Mr. E. T. Trevor,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr G. P. Leycester,) নদীয়ার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT.

SALT.

NOTIFICATION.

The public are hereby informed that, in modification of the Rule contained in Section XXXIX. Regulation X. 1819, whereby all Darogahs of Salt Chokies are required to examine and coot dispatches of Salt passing their respective Chokies, the Board of Customs, Salt and Opium, have with the sanction of Government, prohibited altogether the cooting and examination of boats containing Salt in transit, except at the following stations:

Name of Division.	*Name of Chokey.*
Western	Gewakhali.
"	Ghuttaul.
"	Amptah.
"	Cootgunge.
"	Balikhaul.
"	Nyaserai.

গবর্ণমেণ্টের ইশতিহার।

নিমক।

বিজ্ঞাপন।

১৮১৯ সালের ১০ আইনের ৩৯ ধারাতে নিমক চৌকীর সকল দারোগাকে হুকুম হইয়াছিল যে তাহারদের চৌকীর সরহদ্দের মধ্য দিয়া যে সকল লবণ যায় তাহা স্বচক্ষে দেখিয়া কুত করে। কিন্তু সর্ব্ব সাধারণ লোককে জানান যাইতেছে যে ঐ বিধান মতান্তর করিয়া গবর্ণমেণ্টের অনুমতিক্রমে হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরা নীচের লিখিত স্থানভিন্ন অন্য স্থান দিয়া লবণ বোঝাইকরা যে সকল নৌকা যায় সেই২ নৌকা স্বচক্ষে দেখিয়া কুতকরণের সম্পূর্ণরূপে নিষেধ করিয়াছেন।

এলাকার নাম	চৌকীর নাম
পশ্চিম	গাঁওয়াখালী।
"	ঘাটাল।
"	আমতা
"	কুতগঞ্জ।
"	বালিখাল।
"	নওয়াসরাই।

Name of Division.	Name of Chokey.
Calcutta, ...	Sootanooty.
Barripore, ...	Atarabankee.
"	Baliaghutta.
Baugundee, ...	Rojeepore.
"	Busuntpoor.
"	Assersoonee.
Jessore, ...	Chandkalee.
"	Syedkalee.
"	Fooltullah.
"	Koomargunge.
"	Gopaulgunge.
Backergunge, ...	Cowcolly.
"	Gournuddee.
"	Bokynuggur.
Midnapore, ...	Mynah.
"	Kassijorah.
"	Kantadwara.
"	Midnapore.
"	Khulnuggur.
"	Jehanpore.

এলাকার নাম	চৌকীর নাম
কলিকাতা	সুতানুটি।
বারুইপুর	আটার বাঁকী।
"	বালিয়াঘাটা।
বাগুণ্ডী	রোজীপুর।
"	বসন্তপুর।
"	আসরসুনী।
যশোহর	চাঁদখালী।
"	সৈয়দখালী।
"	ফুলতলা।
"	কুমারগঞ্জ।
"	গোপালগঞ্জ।
বাকরগঞ্জ	কাওয়াখালী।
"	গৌর নদী।
"	বকাইনগর।
মেদিনীপুর	ময়না।
"	কাশীযোড়া।
"	কাঁটাদ্বারা।
"	মেদিনীপুর।
"	খলনগর।
"	জেহানপুর।

Boats conveying Salt under Rowannahs by the following routes will hereafter be cooted only at the Stations mentioned opposite to each.

যে সকল নৌকা রওয়ানাক্রমে নীচের লিখিত পথ দিয়া লবণ বোঝাই করিয়া যায় তাহা কেবল ঐ পথের পার্শ্বের লিখিত স্থানে কুত হইতে পারে।

Route.	Name of Chokey.
No. I. From the Hidgellee and Tumlook Agency Ghauts by the Pertabkhali Canal and Roopnarain.	1. Ghuttaul.
No. II. From the Hidgellee Agency Ghauts by the Hooghly and Roopnarain.	1. Gewakhali. 2. Ghuttaul.
No. III. From the Hidgellee and Tumlook Agency Ghauts and from Diamond Harbour, by the Hooghly.	1. Gewakhali. 2. Cootgunge. 3. Nyaserai.
No. IV. From the Hidgellee and Tumlook Agency Ghauts and from Diamond Harbour, by the Hooghly and Damooda.	1. Gewakhali. 2. Amptah.
No. V. From the Hidgellee and Tumlook Agency Ghauts by the Sunderbunds to Khoolnah, and thence beyond the Chokey limits.	1. Syedkhalee. 2. Fooltullah or 2. Koomargunge or 2. Gopaulgunge or 2. Cowcolly. 3. Nulchitty. 4. Gournuddee.
No. VI. From the Hidgellee and Tumlook Agency Ghauts to Baugundee, and thence northward beyond the Chokey limits.	1. Gewakhali. 2. Cootgunge. 3. Atarabankee. 4. Rojeepore or 3. Baliaghutta. 4. Rojeepore.

পথ	চৌকীর নাম
১ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে প্রতাপখালী খাল ও রূপনারায়ণ নদী দিয়া যায়।	১ ঘাটাল।
২ নং হিজলীর এজেন্টী ঘাট-হইতে হুগলী ও রূপনারায়ণ নদী দিয়া যায়।	১ গাঁওয়াখালী। ২ ঘাটাল।
৩ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাট ও কলাগাছিয়া হইতে হুগলী নদী দিয়া যায়।	১ গাঁওয়াখালী। ২ কুতগঞ্জ। ৩ নওয়াসরাই।
৪ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাট ও কলাগাছিয়া হইতে হুগলী ও দামোদর নদী দিয়া যায়।	১ গাঁওয়াখালী। ২ আমতা।
৫ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে সুন্দরবন দিয়া খুলনায় যায় পরে চৌকীর সরহদ্দের বাহিরে যায়।	১ সৈয়দখালী। ২ ফুলতলা কিম্বা ২ কুমারগঞ্জ কি ২ গোপালগঞ্জ কিম্বা ২ কাওয়াখালী। ৩ নলছিটি। ৪ গৌর নদী।
৬ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে বাগুণ্ডীতে যায় পরে চৌকীর সরহদ্দের উত্তর দিক্‌গে যায়।	১ গাঁওয়াখালী। ২ কুতগঞ্জ। ৩ আটার বাঁকী। ৪ রোজীপুর। অথবা ৩ বালিয়া ঘাটা। ৪ রোজীপুর।

Route.	Name of Chokey.
No. VII. From the Hidgellee and Tumlook Agency Ghauts, through Tolly's Nullah, or the New Canal, to the Eastward.	1. Gewakhali. 2. Cootgunge. 3. Busuntpoor. 4. Chandkalee. 5. Assersoonee. 6. Fooltullah or 6. Koomargunge or 6. Gopaulgunge or 6. Cowcolly. 7. Nulchitty. 8. Gournuddee.
No. VIII. From the Sulkea Golahs and the Ghauts of the 24-Pergunnahs' Agency, by the Hooghly.	1. Balikhaul. 2. Nyaserai.
No. IX. From the Sulkea Golahs to Baugundee.	1. Baliaghutta or 1. Atarabankee. 2. Rojeepore.
No. X. From the Sulkea Golahs to the Eastward.	1. Baliaghutta or 1. Atarabankee. 2. Busuntpoor. 3. Chandkalee. 4. Assersoonee, &c. as in Route No. VII.
No. XI. From the 24-Pergunnahs' Agency Ghauts to the Eastward.	1. Atarabankee. 2. Busuntpoor, &c. as in Route No. VII.

পথ	চৌকীর নাম
৭ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে টালির নালা অথবা নূতন খাল দিয়া পূর্ব্ব দিগে যায়।	১ গাঁওয়াখালী। ২ কূতগঞ্জ। ৩ বসন্তপুর। ৪ চাঁদখালী। ৫ আসরসুনী। ৬ ফুলতলা। অথবা ৬ কুমারগঞ্জ। অথবা ৬ গোপালগঞ্জ। অথবা ৬ কাওয়াখালী। ৭ নলছিটি। ৮ গৌর নদী।
৮ নং শালিখার গোলা ও চব্বিশপরগনার এজেন্টী ঘাটহইতে হুগলী নদী দিয়া যায়।	১ বালীখাল। ২ নওয়াসরাই।
৯ নং শালিখার গোলাহইতে বাগুণ্ডীতে যায়।	১ বালিয়াঘাটা। অথবা ১ আঠার বাঁকী। ২ রোজীপুর।
১০ নং শালিখার গোলাহইতে পূর্ব্ব দিগে যায়।	১ বালিয়াঘাটা। অথবা ১ আঠার বাঁকী। ২ বসন্তপুর। ৩ চাঁদখালী। ৪ আসরসুনীপ্রভৃতি ৭ নম্বরী পথের ন্যায়।
১১ নং চব্বিশপরগনার এজেন্টী ঘাটহইতে পূর্ব্ব দিগে যায়।	১ আঠার বাঁকী। ২ বসন্তপুরপ্রভৃতি ৭ নম্বরী পথের ন্যায়।

Boats conveying foreign imported Salt under Rowannahs from Calcutta, will be examined at the same places as if conveying Salt from the Sulkea Golahs, and will further undergo examination at the Sootanooty Chokey in Calcutta immediately after delivery of the Salt from the vessel on which it has been imported.

Boats conveying Salt under Rowannah by any other route than those abovementioned, will be examined at every cooting station by which they may have to pass.

When the destination of a boat is changed, and its cargo covered by an Exchange Rowannah under Clause 2, Section XLV. Regulation X. 1819, it will be examined at every cooting station intermediate between the place at which its destination may have been changed and the Chokey limits.

In like manner boats containing Salt protected by Attraffee Rowannahs and Agency Chars will be examined at every cooting station between the place of despatch and the Chokey limits.

In all other respects the provisions of Section XXXIX. Regulation X. 1819, relating to the coot and examination of despatches of Salt will be observed as heretofore.

যে সকল নৌকা বিদেশীয় আমদানী লবণ রওয়ানাক্রমে কলিকাতাহইতে লইয়া যায় সেই সকল নৌকা শালিখার গোলাহইতে লবণ লইয়া গেলে যে২ স্থানে তালাশী হয় সেই২ স্থানে তালাশী হইবেক তদ্ভিন্ন যে জাহাজের দ্বারা ঐ লবণ আমদানী হইয়াছে তাহাহইতে লবণ লইবার পরেই কলিকাতার সূতানুটী চৌকীতে তাহার তালাশী হইবেক।

যে সকল নৌকা উপরের উক্ত পথ ভিন্ন অন্য পথ দিয়া রওনায়াক্রমে লবণ লইয়া যায় সেই সকল নৌকা কুত হওনের যে কোন চৌকী দিয়া যায় সেই স্থানেই তাহার তালাশী হইবেক।

নৌকার যে স্থানে যাইবার কল্প ছিল সে স্থান যদি পরিবর্ত্ত হয় এবং যদি নৌকার বোঝাইয়ের ১৮১৯ সালের ১০ আইনের ৪৫ ধারার ২ প্রকরণানুসারে তবদিলী রওয়ানা থাকে তবে যেখানে তাহার লক্ষিত স্থান পরিবর্ত্ত হইয়াছে সেই স্থানঅবধি চৌকীর সীমানাপর্য্যন্ত কুত হওনের প্রত্যেক চৌকীতে তাহার তালাশী হইবেক।

সেই প্রকারে যে সকল নৌকার লবণের বিষয়ে আত্রাফী রওয়ানা ও এজেন্টীর ছাড়চিঠী থাকে সেই সকল নৌকার রওয়ানার স্থানঅবধি চৌকীর সীমানাপর্য্যন্ত কুত হওনের প্রত্যেক চৌকীতে তালাশী হইবেক।

অন্য সকল বিষয়ে রক্ষহওয়া লবণের কুত হওনের ও তালাশী করণের বিষয়ে ১৮১৯ সালের ১০ আইনের ৩৯ ধারায় যে বিধানআছে সেই বিধানমতে পূর্ব্ববৎ কার্য্য হইবেক।

Nothing in this Notification is to be held to apply to the root and examination of Sloops and Boats conveying Salt from the Chittagong and Kenkra Golahs, or from Arrakan, by the river Megna, in the direction of Naraingunge and Dacca. These will continue to be examined by the officers of the Chittagong and Bulloosh Chokies, under the rules at present in force.

By order of the Board of Customs, Salt and Opium, the 20th November, 1847.

CECIL BEADON, *Offg. Secy.*

মেঘনা নদী দিয়া চাটিগাঁ ও কাঁকড়ার গোলাহইতে অথবা আরাকাণহইতে নারায়ণগঞ্জ এবং ঢাকার দিগে যে সকল সুলুপ ও নৌকা লবণ বোঝাই করিয়া যায় তাহার কৃত হওনের ও তালাশী করণের বিষয়ে এই বিজ্ঞাপনের লিখিত কথা খাটে এমত বোধ হইবেক না। ঐ সকল সুলুপ ও নৌকা একণকার চলিত বিধিমতে চাটিগাঁর ও ভুলুয়ার চৌকীর আমলারা তালাশী করিতে থাকিবেক।

হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের হুকুমক্রমে।
১৮৪৭ সাল ২০ নবেম্বর।

সি বীডন। একটিং সেক্রেটারী।

OPIUM. / আফিম।

ফোর্ট উলিয়ম আফিমদপ্তর সন ১৮৪৭ সাল তারিখ ১৬ ডিসেম্বর মোতাবকে বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ২ পৌষ।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৭ সাল তারিখ ২৭ ডিসেম্বর মোতাবকে বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ১৩ পৌষ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৬। ৪৭ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফিম	১৮৩০
বানারসের পয়দায়শী আফিম	৭৮০
জুমলা সিন্দুক	২৬১০

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিম সকল সমুদ্রপথে রপ্তানি জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপে রপ্তানি ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲ টাকা দরে চলিতমতে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক যদিস্যাৎ এমত কোন ঘটনা উপস্থিত না হয় যে ঘটনার জন্যে এই নীলামের শরতের ১২ দফায় বিশেষ নিয়ম নির্দ্ধারিত করা গেল।

৩ দফা। ঐ নীলাম পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময় আরম্ভ হইবেক এবং অপরাহ্নে দুই প্রহর পাঁচ ঘন্টার পর স্থগিত হইবেক কিন্তু যদি ঐ ঘড়িতে যে সকল লাটহায় বিক্রয়ের কারণ ইশ্‌তেহার হইল তাহার কতক লাট গয়রবিক্রী থাকে তবে সাহেবান বোর্ডের বিবেচনানুসারে তৎপর দিবস যদি সে দিবস রবিবার কিম্বা কোন পর্ব্বাহ না হয় তবে বেলা এগার ঘন্টার সময় পুনশ্চ বিক্রয় করিতে আরম্ভ করা যাইবেক এই রীতিক্রমে যাবৎ সমুদয় লাট বিক্রীত না হয় তাবৎ নীলাম করা যাইবেক। আর যে দিবসে বিক্রয়ের ইশ্‌তেহার হইল সে দিবস যদি ঐ সমুদয় ২৬১০ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে যে সকল লাট হাতে থাকিবেক তাহা সাহেবান বোর্ড ভবিষ্যৎ কোন নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। নীলাম ঘরের ভিতর খরিদারের নাম সেলবহিতে রেজিষ্টরী হওনের পূর্ব্বে প্রত্যেক লাট যে দরে ডাক মঞ্জুর হইবেক সেই দরের মোটের উপর ফি শত ২৫৲ টাকার হিসাবে খরিদারকে আমানৎ পেশগীর বাবৎ প্রমিস্যরি নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৭ সালের ২৯ ডিসেম্বর বুধবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রমিস্যরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানৎ পেশগী হিসাবে টাকা অথবা সবত্রেজরর সাহেবের রসিদ কিম্বা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময় ও সেই নিয়মানুসারে ছানী নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকসান ও খরচ খরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্ত মতে যাহারদিগের আমানৎ পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জমা হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রমিস্যরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত ১৮৪৭ সালের ২৯ ডিসেম্বর তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেই মত তিনি ঐ নোটের বাবৎ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবৎ আমানৎ পেশগীর টাকা ঐ ২৯ ডিসেম্বর দিবা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে ইশ্‌তেহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখ ইস্তক পূরা পোনের দিনের মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৮ সালের ১১ জানুআরি মঙ্গলবার দিবা দুই প্রহর চারি ঘন্টার পর উক্ত কিম্মতের বাবৎ ত্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না যদি স্যাৎ ঐ আফিমের কোন লাটের টাকা দাখিল হইয়া হিসাব নিষ্পত্তি না হয় তবে যে দরে লাট ডাক মঞ্জুর হইয়া থাকে তাহার মোট টাকার উপর ফি শত ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে যে টাকা আমানৎ হইয়া থাকিবেক অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা ঐ লাট কি সিন্দুকের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৮ ডিসেম্বর।]

چهہ سو روپیہ انعام

چونکہ سنہ ۱۸۴۷ مسیح کے تاریخ دسوین ۱۰ مہینا نومبر مطابق سنہ ۱۲۵۴ بنگلہ کے تاریخ چبیسا ۲۵ مہینا کا تک اِسی ضلع بگوره کی متعلق تھانہ شیرپور کا بیچ شہر شیرپور کا باشندہ مدہوسودن مجموعہ دار کو مسمی ہریشچندر پال خون کرکے فرار ہواہی اُوپر کا لکہا ہوا چہہ سو روپیہ انعام کہ اُسمین پانسو روپیہ حضور سے صاحب سپرنٹندنٹ پولیس بہادر صوبجات بنگالہ و بہار و اُڑیسہ کے مقرر ہواہی اور یکسو مالک کے وارث لوگ دینے کا اقرار کئے ہین جو کوئی فار مذکور کو گرفتار کریگا اُسکو چہہ سو روپیہ دیا جایگا فقط

جلیہ قاتل

ہریشچندر پال اسامی فار ولد مدن پال ساکن رتابندی پور تھانہ از معلوم ضلع بیست و چہار پرگنہ یا براسست عمر انداز تیس یا بتیس برس کچہہ سیاه فام کوتاه قدمیانہ اندام کہولا ابرو ویست بیٹنے سرمین بابری یعنے چوتر چوتر بال تھوڑه تھوڑه یعنے پتال موچہہ بدن مین کچہہ داغ زخم اشکاره نہین ہی فار کچہہ کچہہ علم انگریزی اور عوام کے مطابق بنگلہ جانتاہی فقط

Zillah Bograh, Fouz. Adawlut, 7th Dec., 1847. G. U. YULE, *Joint Magistrate.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALBERT JOHN DE HOCHEPIED LARPENT and JOHN BECKWITH, late of the town of Calcutta, Merchants and Agents, carrying on trade and business in copartnership together in Clive Street, in the town of Calcutta in Bengal, under the name, style and firm of Cockerell and Company, and now residing at the French Settlement of Chandernagore, in the Province of Bengal.

NOTICE is hereby given, that by an order made in this matter on the Eighteenth day of December instant, it is ordered that unless cause be shewn to the contrary on Friday, the Twenty-fourth day of December instant, at the hour of ten o'clock in the forenoon, Robert O'Dowda, Esquire, be appointed Assignee of the Estate and Effects of the said Albert John De Hochepied Larpent and John Beckwith, then vested in Patrick O'Hanlon, Esquire, the Common Assignee of this Court, by force of the Adjudication that day made and pronounced by this Court. Dated this 18th day of December, 1847.

GRANT AND REMFRY.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কাকরেল কোম্পানির নামে বাঙ্গলা দেশের কলিকাতা নগরের ক্লাইবষ্ট্রিটে যৌতায় সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারী পূর্ব্বে কলিকাতা নগরনিবাসি এক্ষণে বাঙ্গলা দেশের ফ্রান্সীয়েরদের অধীন চন্দননগরনিবাসি আলবর্ট জান ডিহচিপিড লার্পেন্ট সাহেব ও জান বেকউইথ সাহেবের বিষয়ে

ইহার দ্বারা খ্যাত দেওয়া যাইতেছে যে বর্ত্তমান ডিসেম্বর মাসের ১৮ তারিখে হুকুম হইল যে বর্ত্তমান ডিসেম্বর মাসের ২৪ তারিখ শুক্রবার বেলা দশ ঘণ্টার সময়ে বিপরীত কারণ দর্শান না গেলে শ্রীযুত রাবর্ট ওডোডা সাহেব উক্ত আলবর্ট জান ডিহচিপিড লার্পেন্ট সাহেব ও জান বেকউইথ সাহেবের সম্পত্তি ও মালের আসৈনি পদে নিযুক্ত হন। বর্ত্তমান ডিসেম্বর মাসের ১৮ তারিখে ঐ আসৈনি পদ এই আদালতের নির্দ্ধারণক্রমে এই আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেবের প্রতি অর্পিত হইয়াছিল। ১৮৪৭ সাল ১৮ ডিসেম্বর।

গ্রান্ট ও রেম্ফ্রি।

In the matter of JAMES SMALL, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday, the 8th day of January next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the receipts and disbursements of the Assignee, from the 23d day of February, 1847, until the 30th day of November last, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other per-

son interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard; notice having been given, at the Office of the Chief Clerk, three clear days before the hearing.

Assignee's Office, 22d December, 1847. R. O'DOWDA.

যোত্রহীন জেম্‌স স্মাল সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে এই বিষয়ের শুনানি আগামি জানুআরি মাসের ৮ তারিখ শনিবারে পুনরায় হইবেক। এবং ১৮৪৭ সালের ২৩ ফেব্রুআরি তারিখঅবধি গত নবেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের সকল জমা ও খরচের হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দেখা যাইতে পারে যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তদ্বিষয়ের সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনির দপ্তরখানা। ১৮৪৭ সাল ২২ ডিসেম্বর। আর ওডৌডা।

The like notice in the matter of HENRY CHAPMAN KEMP, and another (T. Hyde Gardiner and Co.,) an Insolvent wherein the Account of the Assignee is filed from the 1st day of December, 1846, until the 30th day of November last, is filed.

যোত্রহীন টি হাইড গার্ডনর কোম্পানির নামে কর্ম্মকারি হেনরি চাপমান কেম্প সাহেব ও অন্যের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। ১৮৪৬ সালের ১ ডিসেম্বর তারিখঅবধি গত নবেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

In the matter of WILLIAM WOODIN, late of the Town of Calcutta, Merchant and Agent, lately carrying on trade and business at Calcutta aforesaid, under the name, style or firm of G. F. Hodgkinson and Company.

NOTICE is hereby given, that by an order made in this Court, in this matter, on and bearing date the Twentieth day of December instant, upon the petition of Thomas Seddon Kelsall, William Strettell Kelsall, and James Knight Heron, Merchants and Agents, and Copartners, carrying on trade and business at Calcutta, under the name and style of Messieurs Kelsalls and Company, who are creditors of the said William Woodin. It was by the said Court adjudged, that the said petition of the said Thomas Seddon Kelsall, William Strettell Kelsall, and James Knight Heron, was true, and that the said William Woodin had committed an act of Insolvency.

ALLAN and THOMAS, *Attornies for Messrs. Kelsalls and Co.*

Calcutta, 20th December, 1847.

জি এফ হজকিন্সন কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরে সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারি কলিকাতা নগর নিবাসি উলিয়ম উডিন সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত উলিয়ম উডিন সাহেবের মহাজন কেলসল কোম্পানির নামে কলিকাতা নগরে যোতায় সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারি তামস সেডন কেলসল সাহেব ও উলিয়ম ষ্ট্রেটেল কেলসল সাহেব ও জেম্‌স নাইট হেরন সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান ডিসেম্বর মাসের ২০ তারিখে উক্ত আদালতে নির্দ্ধারণ হইল যে উক্ত তামস সেডন কেলসল সাহেব ও উলিয়ম ষ্ট্রেটেল কেলসল সাহেব ও জেম্‌স নাইট হেরন সাহেবের দরখাস্ত সত্য এবং উক্ত উলিয়ম উডিন সাহেব যোত্রহীন বটেন।

কলিকাতা। ১৮৪৭। ২০ ডিসেম্বর। আলেন ও তামস। কেলসল কোম্পানির উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, dated the eleventh day of December instant, in the matters of the petition of SHAH MOOZAFER ALLY, late of Clive Street, in the Town of Calcutta, Hide Merchant, and now a Prisoner for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of an Act of the Ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the Fifth day of February next.

The names of the creditors of the said SHAH MOOZAFER ALLY now appear in a Schedule filed with his said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

MOLLOY, MACKINTOSH, and POE, *Attornies for the Insolvent.*

Calcutta, 23d December, 1847.

কলিকাতা নগরের ক্লাইব ষ্ট্রিটনিবাসি গোচর্ম্ম বিক্রেতা শা মুজাফর আলী সম্প্রতি ঋণপ্রযুক্ত কলিকাতা নগরের সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান ডিসেম্বর মাসের ১১ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি ফেব্রুআরি মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত শা মুজাফর আলীর মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্তের সহিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্‌তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

মলয় ও মাকিন্টশ ও পো। যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৭। ২৩ ডিসেম্বর।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ২৮ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 28, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ২৮ ডিসেম্বর।

INSOLVENT COURT.

ASSIGNEE'S OFFICE—NOTICE. *[First Insertion.]*

PURSUANT TO ACT NO. XXVII. OF 1841.

NOTICE is hereby given, that in the event of no claim being established to the unclaimed Dividends hereunder mentioned, and which were paid into the hands of the Accountant General and Sub-Treasurer of the East India Company, with the privity of the Accountant General of the Insolvent Court, pursuant to the above Act, under the orders of the said Court, bearing date the 2d day of July, 1842, or any part thereof, as particularized hereunder within 12 months from this date, such Dividends will be distributed among such of the Creditors of the respective Insolvent Estates, as shall have established their claims against such Estates respectively, and an order will be obtained to have such claims, the Dividends upon which remain unclaimed at the expiration of the time abovementioned, expunged from the respective Schedules.

R. O'DOWDA,

Assignee.

Calcutta, 13th December, 1847.

যোত্রহীনেরদের আদালত।

আসৈনির দফ্তরখানা। বিজ্ঞাপন।

১৮৪১ সালের ২৭ আইনানুসারে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত দাওয়া না হওয়া যে সকল ডিবিডেণ্ড উক্ত আইনানুসারে উক্ত আদালতের ১৮৪২ সালের ২ জুলাই তারিখের হুকুমক্রমে যোত্রহীন আদালতের আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের অনুমত্যনুসারে কোম্পানি বাহাদুরের আক্কৌণ্টেণ্ট জেনরল ও সবট্রেজুরর সাহেবের হাতে অর্পণ হইয়াছিল সেই সকল ডিবিডেণ্ডের উপর অথবা তাহার পশ্চাৎ লিখিত কোন ভাগের উপর যদি অদ্যকার তারিখঅবধি বারো মাসের মধ্যে দাওয়া না করা যায় তবে যোত্রহীনেরদের সম্পত্তির যে মহাজনেরা আপনারদের দাওয়া সাবুদ করিয়াছেন তাঁহারদের মধ্যে ঐ ডিবিডেণ্ড বিভাগ করিয়া দেওয়া যাইবেক এবং উক্ত কাল অতীত হওনসময়ে যে সকল ডিবিডেণ্ডের দাওয়া না হইয়া থাকে তাহা তফসীলহইতে উঠাইয়া দিবার অনুমতি লওয়া যাইবেক।

কলিকাতা। ১৮৪৭। ১৩ ডিসেম্বর।

আর ওডৌডা।

আসৈনি।

ESTATE OF GEORGE ROBERT WILTON.

Creditors.	Description in the Schedule.	Amount of Claim. Sa. Rs.			1st Divid. at 10 C. R. per 100 Sa. Rs.			
Adjudeah Persaud, ...	Goruckpore, Shroff, ...	3000	0	0	300	0	0	Admitted.
Ramdial, ...	Azimghur, ...	1150	0	0	115	0	0	Proved.

জর্জ রবর্ট উইল্টন সাহেবের ইষ্টেট।

মহাজনেরদের নাম	তফসীলের লিখিত দাওয়া	যত টাকার দাওয়া	সিক্কাশতকরা কোং ১০৲টাকার প্রথম ডিবিডেণ্ড	
অযোধ্যাপ্রসাদ	গোরকপুর বণিক	৩০০০৲	৩৭৸৴	মঞ্জুর হইল
রামদয়াল	আজিমগড়	১১৫০৲	১১।৴	প্রমাণ হইল

ESTATES OF CONNYLOLL BURRAUL AND KISTNOMOHUN BURRAUL.

Creditors.	Description in the Schedule.	Amount of Claim Sa. Rs.	2d Divid. 2½ C. R. per 100 Sa. Rs.	
Bindabun Mitter's Son, ...	Russickloll Mitter, ...	1523 6 0	38 1 4	Admitted.
Bhogubun Doss	Estate, ...	153 0 0	3 13 2	ditto.
Buddinauth Paul Chowdry,	Ditto, ...	5 0 0	0 2 0	ditto.
Belautty Khanum Bebee,...	Chinsurah, ...	210 0 0	5 4 0	ditto.
Bhawanney Deen, ...	Calcutta, Peon, ...	10 0 0	0 4 0	ditto.
Bissonauth Ghose, ...	Do., Gawallah, ...	3 0 0	0 1 2	ditto.
Callypersaud Mookerjee's	Estate, ...	10 11 0	0 4 3	ditto.
Cally Kisto Ghose, ..	Simlah, Banian, ...	1491 12 0	37 4 8	ditto.
Chuckoo Paul, ...	Calcutta, Gomastah, ...	68 8 9	1 11 5	ditto.
Cally Tahalliah, ...	Do., Khansamah, ...	3 0 0	0 1 2	ditto.
Dennaram Tewarry, ...	Do., Peon, ...	62 0 0	1 8 10	ditto.
Dhurndoss Paul, ...	Do., Khansamah, ...	4 0 0	0 1 7	ditto.
